


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com




রবিবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১১ আষাঢ় ১৪৩০ ॥ ০৬ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
২৫ জুন ২০২৩



## স্পিকারের সঙ্গে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেলের সাক্ষাৎ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতিসংঘের ম্যানেজমেন্ট স্ট্র্যাটেজি, পলিসি অ্যান্ড কমপ্লায়েন্সবিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল মিস ক্যাথরিন পোলার্ড। গতকাল শনিবার এই সাক্ষাতকালে নারীর ক্ষমতায়ন, লিঙ্গ সমতা, রোহিঙ্গা ইস্যু, সংসদীয় অধিবেশন, শান্তি মিশনে নারীদের অংশগ্রহণ বিষয়ে তারা বিস্তারিত আলোচনা করেন।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, 'বাংলাদেশের সংবিধানে নারী-পুরুষ সমান অধিকারের কথা বলা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নারীর ক্ষমতায়ন ২-এর পাতায় দেখুন

## আজ ঢাকায় আসছেন জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল

**নিজস্ব প্রতিবেদক :** দুই দিনের সফরে আজ রোববার ঢাকায় আসছেন জাতিসংঘের পিসকিপিং অপারেশনস-এর আন্ডার সেক্রেটারি জেনারেল জিন-পিয়েরে ল্যাক্রোইক্স। ডিপার্টমেন্ট অব পিস অপারেশনস (ইউএসজি ডিপিও) জাতিসংঘ শান্তিরক্ষা মন্ত্রী পর্যায়ের বৈঠকের প্রস্তুতিমূলক ২-এর পাতায় দেখুন



## খালেদা জিয়াকে সরকার আটক করে রাখেনি

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, খালেদা জিয়াকে সরকার আটক করে রাখেনি। তিনি আদালতের রায়ে শাস্তি ভোগ করছেন। বরং শেখ হাসিনা উদারতার পরিচয় ২-এর পাতায় দেখুন



## কুরিয়ারে খালেদা জিয়াকে চীনা দূতাবাসের উপহার

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে উপহার পাঠিয়েছে ঢাকায় নিযুক্ত চীনা দূতাবাস। গত শুক্রবার বিকেলে দূতাবাসের পক্ষ থেকে এ উপহার পাঠানো হয়।

এসময় এসএফ ইন্টারন্যাশনাল কুরিয়ারের একটি গাড়িযোগে ২-এর পাতায় দেখুন



# আজ থেকে উৎপাদনে যাচ্ছে পায়রা বিদ্যুৎকেন্দ্র

**নিজস্ব প্রতিবেদক :** পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্রের জন্য ৪১ হাজার ২০৭ মেট্রিক টন কয়লা নিয়ে বন্দরে এসেছে এমভি অ্যাথেনা নামের একটি মাদার ভ্যাসেল।



আজ রোববার (২৫ জুন) রাতেই এ কয়লা দিয়ে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু হতে পারে বলে জানিয়েছে পায়রা বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহ আব্দুল হাসিব। এর আগে শুক্রবার (২৩ জুন) দিনগত রাতে ২০০ মিটার দৈর্ঘ্যের ও ৩২ মিটার প্রস্থের মার্শাল আইল্যান্ডের পতাকাবাহী এ জাহাজটি পায়রা বন্দরের ইনার অ্যাংকরেজ থেকে রাতেই পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্রের জেটিতে পৌঁছানোর পরপরই আনলোড শুরু করে পায়রা তাপ বিদ্যুৎ কর্তৃপক্ষ।

আব্দুল হাসিব জানান, এ কয়লা দিয়ে ৬৬০ মেগাওয়াটের একটি ইউনিট চলে ৬ দিন। দুটি ইউনিট মাত্র তিনদিন চালানো সম্ভব। এর আগে কয়লা সংকটে গত ০৫ জুন বিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হয়ে যায়। বিদ্যুৎ কেন্দ্রটি চালু হলে বিদ্যুতের ঘাটতি কিছুটা কমতে পারে। উল্লেখ্য, ডলার সংকটে যথাসময়ে কয়লা আমদানি ব্যাহত হওয়ায় ২-এর পাতায় দেখুন

# আওয়ামী লীগ আমার প্রাণ বাঙালির প্রাণ স্বাধীনতার প্রাণভোমরা

**বিশেষ প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, সাবেক প্রতিমন্ত্রী, স্বাধীনতাযুদ্ধে ঝিনাইদহে প্রথম স্বাধীন বাংলার পতাকাউত্তোলনকারী, বীর মুক্তিযোদ্ধা কমান্ডার মো: আব্দুল হাই এমপি বলেছেন, বাঙালি জাতির জাগরণ, জাতীয় চেতনার বিকাশ, হাজার বছরের দাসত্বের শৃঙ্খল ভেঙে মুক্তির জন্য গণজোয়ার, অকুতোভয় সংগ্রাম, জয় বাংলা স্লোগান, নৌকা প্রতীকে ভোটদান ও মহান স্বাধীনতা; এই সবকিছুর মূলেই রয়েছে একটি নাম- বাংলাদেশ আওয়ামী লীগ। তিনি বলেন, আওয়ামী লীগের হাত ধরেই প্রতিবন্ধকতার পাহাড় ডিঙিয়েছে বাঙালি। ঘোর অমানিশায় নিমজ্জিত কোটি কোটির মানুষকে গনগনে সূর্যের মতো করে জাগিয়ে তুলেছে এই দল। আওয়ামী লীগ শুধু একটি রাজনৈতিক দল নয়, আমার প্রাণ, বাঙালির প্রাণ, স্বাধীনতার প্রাণভোমরা। বাঙালি জাতির প্রবাদ পুরুষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অক্লান্ত পরিশ্রমে দেশজুড়ে গণমানুষের দলে পরিণত হয় এটি। তিনি হয়ে ওঠেন আওয়ামী লীগের মধ্যমণি। আওয়ামী লীগ, বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতার পথচলা একই সরলরেখায়, তাই কাউকে ছাড়া কারো ইতিহাস রচনা করা সম্ভব না।

আব্দুল হাই এমপি আরো বলেন, আর স্বাধীনতার পর আবার বিপর্যয়ের মুখে পড়া বাংলাদেশকে নতুন করে প্রাণ দিয়েছেন বঙ্গবন্ধুকন্যা ও জননেত্রী শেখ হাসিনা। এখানেও অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে আওয়ামী লীগ। আধুনিক বাংলাদেশ, আওয়ামী লীগ ও শেখ হাসিনা- একই সূত্রে গাঁথা। ৭৪ বছর বয়সের পরিণত এই দলটির হাত ধরে আজ বিশ্বের বুকে বিস্ময় হিসেবে আত্মপ্রকাশ করেছে বাঙালি জাতি।



আব্দুল হাই এমপি, বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেন। এ উপলক্ষ্যে তিনি সংগঠনের সকল নেতা-কর্মী, সমর্থক, শুভানুধ্যায়ী এবং দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

আব্দুল হাই এমপি উন্নয়নের এই ধারাবাহিকতা অব্যাহত রাখতে দলমত নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, আওয়ামী লীগ সরকারের নেতৃত্বে উন্নয়নের মহাসড়ক ধরে এগিয়ে যাওয়া বাংলাদেশ আজ আত্মপ্রত্যয়ী, বিশ্বে উন্নয়ন বিস্ময়। রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে আমরা বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করতে বদ্ধপরিকর।

তিনি বলেন, আমাদের নিরলস প্রচেষ্টায় দেশ যখন উন্নয়নের সোপানে এগিয়ে যাচ্ছে তখন মুক্তিযুদ্ধের পরাজিত শক্তির দোসররা অস্থিতিশীলতা ও নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টা করছে। আমরা সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাস করি। কোনো অশুভ শক্তিকে এই দেশে বিস্তার লাভ করতে দেওয়া হবে না।

আব্দুল হাই এমপি বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদের স্থান বাংলাদেশে হবে না। আমরা মুক্তিযুদ্ধে বিজয়ী জাতি। বাংলাদেশ আওয়ামী লীগ সরকার উন্নয়ন, গণতন্ত্র ও দেশবিরোধী ২-এর পাতায় দেখুন

# মহেশপুরে দুস্থ-অসহায় মানুষের মাঝে এমপি'র ঐচ্ছিক হতবিলের চেক বিতরণ

**মো ঃ আজাদ :** এলাকার দুস্থ-অসহায় মানুষের মাঝে নিজের ঐচ্ছিক তহবিলেন ১লাখ ২৫ হাজার টাকার চেক বিতরণ করেছেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল।




শনিবার দুপুরে ঝিনাইদহের মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মেলন কক্ষে এ চেক বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ,উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী,উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মেহেরুননেছা, যাদবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ সালাউদ্দীন আহাম্মেদ ২-এর পাতায় দেখুন

## ঈদের দিন বৃষ্টি হবে কিনা জানাল আবহাওয়া অফিস

**নিজস্ব প্রতিবেদক :** শুধু হয়েছে আষাঢ় মাস। বৃষ্টি-বাদলের দিন। যেকোন সময়ই বৃষ্টি হতে পারে। আগামী ২৯ জুন ঈদুল আজহা। ওই দিন আবহাওয়া কেমন হবে, বৃষ্টি হবে কিনা ইত্যাদি নানা প্রশ্ন আসতেই পারে। তবে সে প্রশ্নের উত্তর দিয়েছে আবহাওয়া অফিস।

গতকাল শনিবার আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম সংবাদমাধ্যমকে জানান, ঈদের দিন রাজধানীতে বৃষ্টি হতে পারে।

তিনি আরও বলেন, 'ঈদের দিন ঢাকায় সকালের দিকে বৃষ্টি হতে পারে। রাজশাহী ও রংপুর বিভাগে থেমে থেমে হালকা বৃষ্টি হতে পারে। চট্টগ্রাম, বরিশাল ও খুলনা বিভাগে হালকা ২-এর পাতায় দেখুন



## ফরিদপুরে মাইক্রোবাসে আগুন নিহত বেড়ে ৭

**নিজস্ব প্রতিবেদক :** ফরিদপুরের ভাঙ্গায় ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মালিগ্রামে অ্যাপ্রোচ সড়কের রেলিংয়ে সাথে ধাক্কা লেগে অ্যাম্বুলেন্সে আগুন লাগার ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে ৭ জনে দাঁড়িয়েছে।

গতকাল শনিবার দুপুর ১২টার দিকে উপজেলার আজিমনগর ইউনিয়নের মালিগ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে। মাদারীপুর রিজিয়ন ও ফরিদপুর এর পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান ঘটনার ২-এর পাতায় দেখুন

## ঘুষের টাকাসহ দুদক মহাপরিচালকের পিএ আটক

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর মতিঝিল এলাকা থেকে দুর্নীতি দমন কমিশনের (দুদক) ঊর্ধ্বতন এক কর্মকর্তার ব্যক্তিগত সহকারীকে (পিএ) আটক করেছে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। শুক্রবার এক ব্যবসায়ীর কাছ থেকে ঘুস নেওয়ার সময় তাকে আটক করা হয়। আটক ব্যক্তির নাম গৌতম ভট্টাচার্য। তিনি দুদক মহাপরিচালক (মানি লন্ডারিং) মো. মোকাম্মেল হকের পিএ। গৌতমের ঘুস বাণিজ্যের দুই সহযোগীকেও আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে। সংশ্লিষ্ট একাধিক সূত্র বিষয়টি নিশ্চিত ২-এর পাতায় দেখুন

# ডাক্তার রিপোর্ট দেখে বললেন গর্ভে পুত্রসন্তান, ভূমিষ্ঠ হলো জমজকন্যা !

## এরই নাম কালিগঞ্জ নোভা ডায়াগনস্টিক সেন্টার

**এম.মাসুম আজাদ :** পর্যায়ক্রমে তিন বার কালীগঞ্জ নোভা ডায়াগনস্টিক সেন্টারে আল্টাসনোগ্রাফি করা হলে তা ভুলে ভরা। সর্বশেষ বার রিপোর্ট দেখে বলেন গর্ভে একটি ছেলে সন্তান রয়েছে অথচ প্রসূতি মা জমজ কন্যা সন্তান প্রসব করলেন। এই রির্পোটটি দেখেছেন ডাক্তার অরুণ কুমার বিশ্বাস




আল্ট্রাসনোগ্রাফি করার ভুক্তভোগীর মা মোসাম্মৎ কুলসুম খাতুন জানান, কালীগঞ্জ জামাল ইউনিয়নের উল্ল্যা গ্রামে তার বাড়ী। তার অন্তঃসত্ত্বা মেয়ে মোসাম্মৎ রেহেনা খাতুনকে নিয়ে নোভা ডায়াগনস্টিক সেন্টারে ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় ৫ বছরের শিশু ধর্ষণ পলাতক ধর্ষক গ্রেফতার

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামে পাঁচ বছরের কন্যা শিশুকে ধর্ষণের অভিযোগে পলাতক তানভির হোসেন কাকন (২১) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার ভোর সাড়ে ৫টার দিকে ঝিনাইদহ জেলার শহরের বাস টার্মিনাল থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারকৃত আসামী প্রাথমিক ২-এর পাতায় দেখুন









## গোল্ডেন লাইফ ইন্স্যুরেন্সের জিএসটি লিডারশিপ রিসেপশন এবং বীমা দাবীর চেক হস্তান্তর

**নিজস্ব প্রতিবেদক :** গোল্ডেন লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানীর জিএসটি (এঝঞ) লিডারশিপ রিসেপশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোম্পানির মাননীয় উপদেষ্টা, দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার উপদেষ্টা সম্পাদক এম.তৌহিদুল আলম। গত ২৩ জুন শুক্রবার মুখ্য নির্বাহী কর্মকর্তা আমজাদ হোসেন খান চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক সুমল কান্তি দাস ও সকল প্রকল্প পরিচালকগন।

অন্যদিকে, ২-এর পাতায় দেখুন

# মাগুরায় প্রয়াত শ্রমিক পরিবারের মাঝে চেক বিতরণ করলেন এমপি শিখর

**নিজস্ব প্রতিবেদক :** জলবায়ু পরিকল্পনা বাস্তবায়নে ২৭ বছরে প্রয়োজন ২৩০ বিলিয়ন ডলারমাগুরা বাস মিনি-নবাস কোচ ও মাইক্রোবাস মটর শ্রমিক ইউনিয়নের মৃত ৫০ জন সদস্যের পরিবারের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।



২৪ জুন দুপুরে জেলা মটর শ্রমিক ইউনিয়নের কার্যালয়ে প্রধান অতিথি হিসেবে এ চেক বিতরণ করেন মাগুরা-১ আসনের সংসদ সদস্য এডভোকেট সাইফুজ্জামান শিখর। জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি সাইফুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক বাবু মিয়া, শ্রীপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হুমাউনুর রশীদ মুহিত, সদর উপজেলা সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, মাগুরা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শামীম খান, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ রেজাউল ইসলাম, জেলা যুবলীগের আহবায়ক ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে বছরের সর্বোচ্চ ৫০০ রোগী হাসপাতালে, দু'জনের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাসপাতালে ভর্তি হয়েছেন ৫০০ জন, যা চলতি বছরে একদিনে সর্বোচ্চ। এর আগে গত ১৭ জুন সর্বোচ্চ আক্রান্ত ছিল ৪৭৭ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি মোট রোগী বেড়ে দাঁড়ালো এক হাজার ৫০৩ জনে। অন্যদিকে একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ৪২ জনে। গতকাল শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি ২-এর পাতায় দেখুন

## সাতক্ষীরায় পানিতে ডুবে শিশুর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরার পাটকেলঘাটায় পানিতে ডুবে আবীর শেখ (৭) নামে শিশুর মৃত্যু হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার দিকে পাটকেলঘাটা থানার সরুলিয়া ইউনিয়নের ভারশা গ্রামে ঘটনাটি ঘটে।

শিশু আবীর শেখ একই এলাকার মৃত আসাদুল শেখের ছেলে।

মৃতের প্রতিবেশী শৈশব আহমেদ সাগর জানায়, সকাল ১০টার দিকে খেলার ছলে বাড়ির কাছে একটি কালভার্ট এর পাশে দাড়িয়ে ছিল শিশু আবীর। এ সময় অসাবধানতা বশতঃ হঠাৎ সে খালের পানিতে পড়ে ডুবে যায়। পরে স্থানীয়রা টের পেয়ে খালে ডুবে থাকা অবস্থায় উদ্ধার করে পাটকেলঘাটা বাজারের স্বাগতা ২-এর পাতায় দেখুন

# মিনিস্টার ফ্রিজ কিনে ১০০% ফ্রি পেলেন মিরপুরের হাবিবুর রহমান





**নিজস্ব প্রতিবেদক :** সম্প্রতি মিনিস্টার গ্রুপের 'কোটি কোটি টাকার ঈদ সালামি' অফারের মাধ্যমে ঢাকার মিরপুরস্থ মিনিস্টারের নিজস্ব শো-রুম থেকে ফ্রিজ কিনে স্ক্র্যাচ কার্ড ঘষে ১০০% ফ্রি পেলেন মিরপুর শাহ আলীবাগের মো. হাবিবুর রহমান।

অন্যদিকে ডেমরায় মিনিস্টারের নিজস্ব শো-রুম থেকে ফ্রিজ কিনে ৫০% ফ্রি পেলেন ডেমরা ডগাইয়ের মো. রাসেল।

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে সবার মাঝে ঈদ আনন্দ ছড়িয়ে দিতে মিনিস্টার গ্রুপ নিয়ে এসেছে 'কোটি কোটি টাকার ঈদ সালামি' অফার। এ অফারের মাধ্যমে একজন গ্রাহক মিনিস্টার গ্রুপের যে কোনো মডেলের ফ্রিজ, ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

রবিবার ২৫ জুন ২০২৩

# রাশিয়ায় ঢুকে পড়েছে ভাগনার বাহিনী, পিঠে ছুরি চালানোর শামিল বললেন পুতিন

**আন্তর্জাতিক ডেস্ক :** ভাড়াটে যোদ্ধা সরবরাহকারী প্রতিষ্ঠান ভাগনার গ্রুপের প্রধান ইয়েভজেনি প্রিগোশিন রাশিয়ার সামরিক নেতৃত্বকে উৎখাতের হুমকি দেওয়ার পর রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন প্রথমবারের মতো ভাষণ দিয়েছেন। আজ শনিবার জাতির উদ্দেশে দেওয়া ভাষণে পুতিন সব বাহিনীকে সংহতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

ভাষণে রুশ প্রেসিডেন্ট বলেন, যা কিছু ঘটছে, তা 'বিশ্বাসঘাতকতা'। এটি 'দেশের জনগণের পিঠে ছুরি চালানোর শামিল'।

আজ এক অডিও বার্তায় রাশিয়ার ভাড়াটে সেনা সরবরাহকারী প্রতিষ্ঠান ভাগনারের প্রধান ইয়েভজেনি প্রিগোশিন মস্কোর সামরিক নেতৃত্বকে উৎখাতের হুমকি দেন। তিনি বলেন, তিনি এবং তাঁর বাহিনীর ২৫ হাজার সেনা মৃত্যুর জন্য প্রস্তুত আছেন। রাশিয়ার সামরিক নেতৃত্বকে উৎখাতের



জন্য তাঁরা ইউক্রেনের সীমানা পেরিয়ে রাশিয়ার রোস্তভ অন দন শহরে ঢুকে পড়েছেন এবং একটি সামরিক স্থাপনার দখল নিয়েছেন বলেও দাবি করেন প্রিগোশিন।

জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রুশ প্রেসিডেন্ট বলেন, সংকট মোকাবিলায় সব ধরনের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। রাশিয়ার সুরক্ষা দেওয়ারও অঙ্গীকার করেন তিনি।

তবে টেলিভিশনে প্রচারিত সংক্ষিপ্ত ওই ভাষণে একবারও প্রিগোশিনের নাম উচ্চারণ করেননি পুতিন। তিনি শুধু ভাগনার গ্রুপের নাম উল্লেখ করেছেন এবং রাশিয়ার জন্য লড়াই করায় বাহি-নীর যোদ্ধাদের প্রশংসা করেছেন।

রুশ সামরিক নেতাদের উৎখাতের হুমকি ভাগনারপ্রধানের, মস্কোয় নিরাপত্তা জোরদার রাশিয়ার সামরিক নেতাদের উৎখাতের হুমকি, ভাগনারপ্রধানের বিরুদ্ধে মস্কোর মামলা

পুতিন বলেন, ২-এর পাতায় দেখুন

## আলালের সব কিছু আইন মেনেই হয়েছে: ডিবি

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীতে আলাল উদ্দিন নামে এক ব্যক্তির ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে মৃত্যুর ঘটনায় নির্যাতনের অভিযোগ ওঠে। আলালের মৃত্যুর পর এ ঘটনায় ৯ দিন পর প্রতিক্রিয়া জানিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। অভিযোগের বিষয়ে ডিবি জানায়, সব নিয়ম মেনেই তাকে হাসপাতালে নেওয়া হয়েছিল। পরে তিনি মারা যান। গতকাল শনিবার ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন অর রশীদ এসব তথ্য জানান। তিনি বলেন, আমি ঘটনার সময় দেশে ছিলাম না। আমি এসে যতটুকু জেনেছি, আইন-কানুন মেনেই, আদালতের অনুমোদন নিয়েই সব কিছু হয়েছে। তিনি যেহেতু অসুস্থ, তাকে পঙ্গু হাসপাতালে নেওয়া হয়েছিল। আদালতই বলে থাকে অসুস্থকে চিকিৎসা দিতে। তেমনি আদালতের অনুমোদন নিয়েই তাকে পঙ্গু হাসপাতালে নেওয়া হয়েছিল। ডিবি প্রধান বলেন, পঙ্গু হাসপাতালে তিনি ৬ দিন বা ৭ দিন চিকিৎসাধিন ছিলেন। সেখানে তিনি বুকের ব্যথা অনুভব করলে, পরে তাকে হৃদরোগ ইনস্টিটিউটে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসা চলাকালীন সময়ে তিনি মারা যান। তার ময়নাতদন্ত হয়েছে।

## কোটচাঁদপুরে এমপি চঞ্চলের ঐচ্ছিক তহবিলের চেক দুস্থ পরিবারের মধ্যে বিতরণ

**মোঃ আবুল হাসান :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় অসুস্থ অসহায় ও দুস্থ মানুষের মাঝে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। শনিবার সকালে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে এর সভাপতিত্বে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে এমপির ঐচ্ছিক তহবিল থেকে আর্থিক সহায়তার চেক বিতরণ করেন কোটচাঁদপুর মহেশপুর ঝিনাইদহ ৩



আসনের সংসদ সদস্য এ্যাড শফিকুল আযম খান চঞ্চল। ঐচ্ছিক তহবিল থেকে উপজেলায় ৯ জনের মধ্যে ২৬ হাজার টাকার আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়। চেক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা আওয়ামীলীগের সিনিয়র ২-এর পাতায় দেখুন

## দূর্নীতির আঁখড়া শার্শার ডিহি ইউনিয়ন পরিষদে আবারো জালিয়াতির অভিযোগ

**এস আর নিরব, যশোর :** যশোরের শার্শা উপজেলার ডিহি ইউনিয়ন পরিষদ এখন দূর্নীতির আখড়ায় পরিনত হয়েছে। ইউনিয়ন পরিষদটির একাধিক ইউপি সদস্য ও চেয়ারম্যানের স্বেচ্ছাচারিতা-অনিয়মে জন্মনিবন্ধন, ওয়ারেশকাম সনদের মত গুরুত্বপূর্ন কাগজাদী সরবরাহ হওয়ায় বিপাকে পড়ছেন এলাকাটির সাধারন মানুষ।

স্থানীয় উপজেলা প্রশাসন ও জেলা প্রশাসকের কাছে অভিযোগ করেও প্রতিকার পাচ্ছেনা ভূক্তভোগীরা। অনৈতিক সুবিধায় ডিহি ইউনিয়ন পরিষদ হতে উত্তোলনকৃত জন্মসনদ এর অপব্যবহার বিভিন্ন অপরাধ মূলক কর্মকান্ড নিয়ে একাধিক অনলাইন পোর্টাল ও প্রিন্ট পত্রিকায় সংবাদ প্রকাশ হলেও টনক নড়েনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের।

রবিবার ডিহি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের খলিশাখালি গ্রামের মৃত আব্দুল গণির স্ত্রী ফাতেমা খাতুন ডিহি ইউনিয়নের ২-এর পাতায় দেখুন

## কাভার্ডভ্যানের চাকায় পিষ্ট হলো শিশু

**নিজস্ব প্রতিবেদক :** যশোরে পিতার সাথে মোটরসাইকেলে বোনের বাড়ি যাওয়ার উদ্দেশে বের হয়ে বাড়ি ফেরা হলো না মোস্তাক আহমেদ সাহাবি হোসেন নামে ছয় বছরের এক শিশুর। কাভার্ডভ্যানের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই নিহত হয়েছে শিশুটি। এ দুর্ঘটনায় গুরুতর আহত পিতা বিল্লাল হোসেন (৪০) কে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শুক্রবার বিকেলে শহরতলির সন্যাসী দীঘিরপাড়ে এ দুর্ঘটনা ২-এর পাতায় দেখুন



## গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধিঃ** গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে গাংনী উপজেলা পরিষদ হল রুমে গাংনী উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গাংনী পাইলোট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ আফজাল হোসেনের সভাপতিত্বে বিদায়ি অতিথি ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। ২-এর পাতায় দেখুন

## খুলনায় অস্ত্রসহ ২ যুবক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় পুলিশ অভিযান চালিয়ে একটি এয়ারগান, ১৪ রাউন্ড শটগানের গুলি ও বিভিন্ন ধরনের দেশি অস্ত্রসহ দুই যুবককে গ্রেপ্তার করেছে। শুক্রবার (২৩ জুন) সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত দিঘলিয়া থানা পুলিশ সেনহাটী ইউনিয়নের চন্দনীমহল গ্রামের সবুজ গাজীর বাড়িতে অভিযান চালিয়ে এসব অস্ত্র ও গুলি উদ্ধার করে।

গ্রেপ্তারকৃত দুই যুবক হলেন- সবুজ গাজী (২৭) ও রিয়াজ হাওলাদারকে (২১)। এদের মধ্যে সবুজ গাজী সেনহাটী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও চন্দনীমহল গ্রামের কাজী সিরাজুল ইসলামের ছেলে এবং রিয়াজ হাওলাদার একই গ্রামের মোহাম্মদ সালাম হাওলাদার ছেলে।

## গাংনীতে বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত



**মেহেরপুর প্রতিনিধিঃ** শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক করে গড়ে তুলতে মেহেরপুরের গাংনীতে অনুষ্ঠিত হলো বিজ্ঞান উৎসব। গাংনী গণিত পরিবার এবং বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উদ্যোগে আয়োজিত উৎসবে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতায় জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।গাংনী মহিলা ডিগ্রি কলেজ প্রাঙ্গণে আয়োজিত এ উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পরিচালক একেএম লুৎফুর রহমান সিদ্দিক। গাংনী গণিত পরিবারের সভাপতি সাইফ হাসান কৌশিকের সভাপতিত্বে উৎসবের উদ্বোধন করেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী। এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল খালেক, পৌর মেয়র আহমেদ আলী, উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু ও সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান একেএম শফিকুল আলম। এ উৎসবে জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের শহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহন করে।



## জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে চিত্রাংকন, কবিতা আবৃতি ও কুইজ প্রতিযোগিতা

**নিজস্ব প্রতিবেদক :** সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে চিত্রাংকন, স্বরচিত কবিতা আবৃতি ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জেলা বিএনপির আয়োজনে শনিবার সকালে শহরের ফ্যামেলি জোন রেস্টুরেন্টে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩২০ জন শিক্ষার্থী অংশ নেয়। ৩ টা ক্যাটাগরিতে অনুষ্ঠিত এই প্রতিযোগিতা চিত্রাংকন, স্বরচিত কবিতা আবৃতি ও কুইজ প্রতিযোগিতা হয়। প্রতিযোগিতা শেষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। বিএনপির জাতীয় ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে অটোচালক হত্যাকারীদের ফাঁসীর দাবীতে সংবাদ সম্মেলন

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার ষোলমারি গ্রামের অটোচালক আব্দুর রহমান হত্যা মামলায় জড়িতদের তদন্ত পুর্বক শনাক্ত করে বিচারের আওতায় আনা এবং তাদের ফাঁসীর দাবীতে সংবাদ সম্মেলন করেছে নিহতের পরিবার। শনিবার বেলা ১২ টার সময় মেহেরপুর জেলা প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে এ দাবী করেন নিহতের স্বজনরা। সংবাদ সম্মেলনে মাধ্যমে নিহতের স্বজনরা জানান, গত ৯ জুন অটোচালক আব্দুর রহমান নিখোঁজ হয়। নিখোজের তিনদিন পর মেহেরপুর শহরের এজাজ প্লাজা নামক একটি আবাসিক হোটেলে হাত পা বেধে



তাকে নৃশংস ভঅবে হত্যা করে দুর্বৃত্তরা। গত ১১ জুন হাত পা বাধাবস্থায় আব্দুর রহমানের মরদেহ উদ্ধার করে পুলিশ। মরদেহ উদাধারের পর আব্দুর রহমানের স্ত্রী রেহেনা খাতুন বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করে। যার মামলা-১৮। উক্ত মামলায় নাহিদ আলী আ মনিরুল ইসলাম ও অজ্ঞাত নামাদের আসামী করা ২-এর পাতায় দেখুন



## বেনাপোলে ডিবি পুলিশের অভিযানে ইয়াবাসহ দুই নারী আটক

**যশোর প্রতিনিধি :** যশোরের বেনাপোল পোর্টথানা এলাকায় অভিযান পরিচালনা করে ১৩০ পিচ ইয়াবাসহ দুই নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে গোয়েন্দা শাখার ডিবি পুলিশ সদস্যরা। আটককৃত নারীরা হলেন, বেনাপোল পোর্টথানার ভবেরবেড় গ্রামের আবুল বাশারের স্ত্রী রেশমা খাতুন (৩৫) ও নজরুল ইসলামের স্ত্রী সুইটি (৩০) উভয় থানা বেনাপোল। শনিব-ার (২৪ জুন) দুপুরে ডিবি পুলিশ জানায়, ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে মাদক নিয়ন্ত্রণ অভিযানে হোটেল শ্রমিককে মাদক দিয়ে ফাঁসানোসহ অর্থ বাণিজ্যের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় মাদক না পেয়েও মাদক দিয়ে এক অসুস্থ হোটেল শ্রমিককে ফাঁসানোসহ অর্থ বানিজ্যের অভিযোগ পাওয়া গেছে। গত বুধবার মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্য্যালয়ের একটি দল মধুগঞ্জ বাজার ঢাকালে পাড়ায় প্রায় ৪ ঘন্টা ব্যাপী এ অভিযান পরিচালনা করেন। মাদক উদ্ধারে এই অভিযানের নেতৃত্ব দেন ঝিনাইদহ মাদক নিয়ন্ত্রন অফিসের উপ পরিদর্শক আলতাফ হোসেন। এই সময়ে আরো উপস্থিত ছিলেন সহকারী পরিদর্শক মোহাম্মদ বোরহানুর রহমান মৃধা, সহকারী পরিদর্শক আব্দুর রশিদ,



সহকারী পরিদর্শক পাপিয়া সুলতানা,ড্রাইভার ইদ্রিস মোল্যাসহ কয়েকজন। অভিযানের সময় এক ঘুমন্ত হোটেল শ্রমিককে মাদক মামলায় ফাঁসানোসহ মোট ৭৪ হাজার টাকা অর্থ বাণিজ্যের অভিযোগ উঠেছে ওই আভিযানিক দলের বিরুদ্ধে। এ ব্যপারে সংবাদ সংগ্রহ করতে উপপরিদর্শন আলতাফ হোসেনের সাথে যোগাযোগ করলে তিনি সাংবাদিককেও রুপসা গাড়ির ভিতর থেকে টাকা দিয়ে ম্যানেজ করার চেষ্টা করেন। ঢাকালে পাড়ার বাসিন্দা জুয়েল রানা বলেন, আমার বাড়িতে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ শহরের কালিকাপুর এলাকা থেকে ফেন্সিডিলসহ নুর ইসলাম (২৮) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‍্যাব-৬। শুক্রবার রাত সাড়ে ১২ টার দিকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত নুর ইসলাম কালিকাপুর গ্রামের আরব আলীর ছেলে।




র‍্যাব জানান, মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে কালিকাপুর এলাকায় অভিযান চালায় ঝিনাইদহ র‍্যাব ক্যাম্পের একটি অভিযানিক দল। সেসময় ৪৭ বোতল ফেন্সিডিলসহ নুর ইসলামকে আটক করা হয়। শনিবার তার বিরুদ্ধে মামলা দায়ের করে আসামীকে সদর থানায় সোপর্দ করা হয়।

## গরুর নাম হিরো আলম

**নিজস্ব প্রতিবেদক :** বিগত কয়েক বছর ধরে কুরবানির ঈদে বড় বড় গরু হাটে তোলা হয়। তবে এসব গরুর বিভিন্ন নাম রাখা হয়। এর মধ্যে সিনেমার নায়ক-খলনায়কদের নামও রাখা হয়।

এবার এ বিষয়ে মুখ খুলেছেন আলোচিত-সমালোচিত ইউটিউবার হিরো আলম। কারণ তার নামেও বেশ কয়েক বছর ধরে হাটে কুরবানির গরু আসছে।

তবে এ বিষয়ে কোনো আক্ষেপ নেই হিরো আলমের। যারা এই নামকরণ করেন, তারা তাকে ভালোবেসেই করেন বলে মনে করেন তিনি।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের পেজে হিরো আলম একটি ভিডিও পোস্ট করেছেন মঙ্গলবার। সেখানেই এক প্রশ্নে তিনি এ মন্তব্য করেন।

## মেহেরপুরে ৯ শতাধিক কলা গাছে কাঁধি কেটে তসরুপ

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের আজিজুল হক ভুটো নামের এক কৃষকের ৯ শতাধিক কলা গাছের কাঁধি কেটে তসরুপাত করেছে দূর্বৃত্তরা। শুক্রবার দিবাগত রাতের কোন এক সময় কলার কাঁদি কেটে তসরুপাত করার ঘটনা ঘটে। এতে কৃষক ভুটোর প্রায় সাড়ে তিন লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে। কৃষক আজিজুল হক ভূটো জানান নিজের কোনো জায়গা নেই। তাই কোমরপুর গ্রামের বকুল বিশ্বাসের কাছ থেকে জমি লিজ নিয়ে কলার আবাদ করেছেন তিনি। চাষ করতে গিয়ে ইতোমধ্যে অনেক ধার দেনা



হয়েছে। আর কয়েকটা দিন পরই কলা বিক্রি শুরু হবে। ধার দেনা পরিশোধ ২-এর পাতায় দেখুন

### মেহেরপুর ছাত্রলীগ সভাপতি আব্দুস সালাম বাঁধন

## রাজনীতিতে শ্রদ্ধাবোধ ও মানবিকতা খুবই প্রয়োজন

**মেহেরপুর প্রতিনিধিঃ** সুন্দরের স্বপ্নগুলো যখন বিবেকবন্দী হয় তখন ইচ্ছা রা আলোর সাথে খেলা করে, অতএব সভ্যতার যাত্রাপথে সমাজ ও রাষ্ট্রে ছড়িয়ে পড়ে আদিত্য আলোর মত। মেহেরপুরের জেলা ছাত্রলীগ এর সভাপতি আব্দুস সালাম বাঁধন বোদচিন্তার প্রত্যয় মনের সারা উঠান জুড়ে ছড়িয়ে ২০০৮ সাল



কলেজ জীবন থেকেই বাংলাদেশ আওয়ামী লীগ এ স্থানীয়ভাবে সম্পৃক্ত রয়েছেন। সিনিয়ার নেতাদের সম্মান আর বন্ধু প্রিয় কলেজ ছাত্রদের সাথে দারুন ভাবে সম্পর্ক ২-এর পাতায় দেখুন

## পদোন্নতি পেলেন অধস্তন আদালতের ১৯১ বিচারক

**নিজস্ব প্রতিবেদক :** দেশের বিচারিক (অধস্তন) আদালতের ১৯১ জন বিচারকের পদোন্নতি দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্টের সঙ্গে পরামর্শ করে সহকারী জজ বা সমপর্যায়ের এসব বিচারককে পদোন্নতি দিয়েছে সরকার। রাষ্ট্রপতির আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় থেকে জারি করা এ-সংক্রান্ত প্রজ্ঞাপন থেকে এ তথ্য জানা গেছে। বৃহস্পতিবার আইন ও বিচার বিভাগের (বিচার শাখা-১) এর উপসচিব (প্রশাসন-১) মোহাম্মদ ওসমান হায়দারের সই করা প্রজ্ঞাপন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। প্রজ্ঞাপনের তথ্য অনুযায়ী, বাংলাদেশ ২-এর পাতায় দেখুন





## চুয়াডাঙ্গা সীমান্ত থেকে ১১ সোনার বারসহ আটক ১

**দামুড়হুদা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় দর্শনা সুলতানপুর সীমান্তবর্তী এলাকা থেকে ১১ সোনারবারসহ একজনকে আটক করেছে টহলদল স্থানীয় বিজিবি। শনিব-ার সকাল ১১টার দিকে তাকে আটক করা হয়। জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে শনিবার সকাল ১১টার দিকে বিজিবি ঝাঝাডাঙা গ্রামের রাস্তায় টহল দেয়। এ সময় বিজিবি দেখে একজন ব্যক্তি পার্শরাস্তা দিয়ে সীমান্তের দিকে দৌড়ে পালানোর চেষ্টা করলে বিজিবি তাকে আটক করে। পরে তার দেহ তল্লাশি করে ১১ সোনার বার ও ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।।** চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# কংক্রিটের চাপে বিলীন হচ্ছে সবুজ, সচেতনা বৃদ্ধি দরকার

প্রকৃতির সৌন্দর্য ও জীবজন্তুদের সমর্থন সংরক্ষণের জন্য সবুজ গাছগুলি একটি অপূর্ব পাত্র পালন করে। তবে দুর্ভাগ্যবশত, আধুনিক সময়ে এগুলির উপর বড় একটি আক্রমণ পড়েছে-কংক্রিট। কংক্রিট একটি স্থায়ী সংস্কৃতি সাধারণত বাস্তবায়িত পরিবেশে ব্যবহৃত হয়, যেখানে ঘন জনবসায়ী এলাকাগুলির উপর পাথর, সিমেন্ট, গ্রেভেল ইত্যাদি সামগ্রীর ব্যবহার করে স্থাপিত হয়। শহরাঞ্চলে দালান-কোঠা নির্মাণের ফলে কেটে ফেলা হচ্ছে গাছ-পালা। এছাড়াও নতুন নতুন রাস্তা নির্মাণেও রাস্তার দু পাশের গাছ কেটে ফেলা হচ্ছে। এতে পরিবেশ অনেকটাই ভারসাম্যহীন হয়ে পড়ছে। আবার সবুজ গাছের বিলীনকরণ কংক্রিটের প্রধান কারণগুলির মধ্যে একটি হলো প্রাকৃতিক সূর্যের আলোর অভাব এবং উপচারার অভাব। সবুজ গাছ প্রাকৃতিক সূর্যের আলোর দ্বারা ফটোসিনথিসিস প্রক্রিয়ায় পুষ্টি পায়, যা তাদের বৃদ্ধি এবং বাড়বারই প্রয়োজনীয়। কিন্তু কংক্রিটের উচ্চ নির্মাণ বিশেষতঃ শহর অঞ্চলে প্রচলিত হলে সাধারণত সবুজ গাছগুলি বৃদ্ধি করতে পারে না কারণ সম্পূর্ণ প্রাকৃতিক আলো প্রায়শই বাধার মুখে হয়ে থাকে। এছাড়াও, বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন সংস্থা এবং উচ্চ ভৌত দক্ষতার প্রয়োজনে গাছের উপর পর্যাপ্ত পরিমাণে সূর্যের আলো পৌঁছে দিতে পারে না। সবুজ গাছ জীবিত থাকার জন্য পর্যাপ্ত পরিমাণের জল অত্যন্ত জরুরি এবং কংক্রিট তাদের জন্য এই সরবরাহ সমস্যা সৃষ্টি করে থাকে। কংক্রিটের অপ্রাকৃতিক আদ্যান্তিকতা এবং সবুজ গাছের মধ্যে সৃষ্টি করা এই পরিস্থিতি জীবজন্তুদের প্রকৃতির সাথে সম্পর্ক বিচ্ছিন্ন করে দেয়। এই অপ্রাকৃতিক পরিবেশ সবুজ গাছের উন্নত বৃদ্ধি বা সংরক্ষণ প্রক্রিয়ায় বাধা উৎপন্ন করতে পারে এবং তাদের সংখ্যা ও বিপণিত প্রজননশীলতার বৃদ্ধি কমিয়ে দেয়। কংক্রিট নির্মাণের জন্য প্রয়োজনীয় পাথর, সিমেন্ট এবং গ্রেভেলের উত্তোলন জনিত সমস্যাও সবুজ গাছের উপস্থিতিতে ভিন্নতা সৃষ্টি করে। সমস্যাগুলির সমাধানে প্রাকৃতিক উদ্ভাবনের কাজে অধিক বিবেচনা দেওয়া উচিত। অর্থনীতি, পরিবেশ প্রদূষণ নিয়ন্ত্রণ, স্থায়ী ও শক্তিসঞ্চয় প্রয়োগ, পরিবেশমন ও জনস্বাস্থ্যের জন্য উন্নত নীতিমালা এবং পরিচর্যামূলক পদ্ধতিগুলির ব্যবহার সহ বিভিন্ন উপায় নেওয়া উচিত। এছাড়াও, পর্যাপ্ত আলো, জল সরবরাহ এবং প্রাকৃতিক জমির সংরক্ষণ উন্নত করার উপায় খুঁজে বের করা উচিত। পরিস্থিতিতে সবুজ গাছগুলির পরিস্থিতি সংরক্ষণ এবং বৃদ্ধির প্রয়োজনে একটি সংগঠিত ও সম্পূর্ণ পদ্ধতিতে কংক্রিট ব্যবহার এবং সাথে সাথে পরিবেশের সম্পর্কে সচেতন থাকা জরুরি। এটি সংস্কৃতি ও বাণিজ্যিক উন্নয়নের পরিবর্তে সহজলভ্য এবং সাস্থ্যকর বিকল্পগুলির অনুসন্ধানে আমাদের প্রচেষ্টা করতে হবে। এই পরিবর্তনের মাধ্যমে আমরা সবুজ গাছের জন্য একটি সুস্থ এবং সমর্পক পরিবেশ সৃষ্টি করতে পারবো, যা আমাদের প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও সামরিক বান্ধব উন্নয়নের পরিকল্পনার সাথে মিলিত হবে।

## মহেশপুরে দুস্থ-অসহায় মানুষের

প্রমুখ। ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল জানান, প্রতি বারই আমার ঐচ্ছিক তহবিলের যে টাকাটা আসে আমি উপজেলার বিভিন্ন গ্রাম থেকে একেবারেই দুস্থ-অসহায় মানুষ খুজে আমি তাদেরকে আমার এ তহবিলেন টাকাটা আমি চেকের মাধ্যমে প্রদান করে আসছি। তিনি আরো বলেন, দুস্থ-অসহায় মানুষকে যে আমি কিছু দিতে পেরেছি এতে করে আমার নিজের কাছেও একটু হলেও ভালো লাগে।

## আওয়ামী লীগ আমার প্রাণ বাঙালির

অপশক্তির মূলোৎপাটন করতে দৃঢ়প্রতিজ্ঞ। আমি বিশ্বাস করি, এ দেশের শান্তিপ্রিয় জনগণ অতীতের মতো সকল অপশক্তিকে পরাজিত করে বাংলাদেশকে মুক্তিযুদ্ধের চেতনায় প্রতিষ্ঠিত করবে।

ঝিনাইদহের সর্বজন শ্রদ্ধেয় এই নেতা বলেন, বাংলাদেশ এখন বিশ্বে উন্নয়নের 'রোল মডেল'। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৭.২৪ শতাংশে। দারিদ্র্যের হার ২২ শতাংশে হ্রাস পেয়েছে। মানুষের আয় ও ক্রয় ক্ষমতা বেড়েছে। আমাদের মাথাপিছু আয় ১ হাজার ৬০২ মার্কিন ডলার। দেড় কোটি মানুষের কর্মসংস্থান হয়েছে। ৫ কোটি মানুষ নিম্ন আয়ের স্তর থেকে মধ্যম আয়ের স্তরে উন্নীত হয়েছে। খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়ে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে।

বর্তমান সরকারের সফলতার কথা তুলে ধরে আব্দুল হাই এমপি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ইতিহাস মানুষের অধিকার প্রতিষ্ঠার ইতিহাস। আওয়ামী লীগ এ দেশের মানুষের আত্মপরিচয়ের সংগ্রামের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ১৯৫২'র ঐতিহাসিক ভাষা আন্দোলন, ১৯৫৪'র যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৬২'র আইয়ুবের সামরিক শাসন বিরোধী আন্দোলন, ১৯৬৪'র দাঙ্গার পর সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, ১৯৬৬'র ছয় দফা আন্দোলন, ১৯৬৯'র গণঅভ্যুত্থানসহ সকল আন্দোলন পরিচালিত হয়েছে আওয়ামী লীগের নেতৃত্বে। তিনি বলেন, আওয়ামী লীগ দেশের মাটি ও মানুষের দল। বাংলাদেশ আওয়ামী লীগই অর্জন করেছে মহান স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক এবং মানুষের ভাত ও ভোটের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে নেতৃত্বদানের সুমহান গৌরব।

আব্দুল হাই এমপি বলেন, ১৯৭০'র নির্বাচনে বাঙালি জাতি আওয়ামী লীগের পক্ষে নিরঙ্কুশ রায় দেয়। যার ধারাবাহিকতায় ১৯৭১'র ৭ই মার্চ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে জাতির পিতা ঘোষণা করেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। ১৯৭১ সালের ২৫শে মার্চের কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির ওপর ঝাঁপিয়ে পড়ে। শুরু করে ইতিহাসের নির্মমতম গণহত্যা। গ্রেফতার করা হয় বঙ্গবন্ধু শেখ মুজিবকে। গ্রেফতারের পূর্বে ২৬শে মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু তৎকালীন ইপিআর-এর ওয়ারলেসের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন।

সাক্ষাৎকারো তিনি আরো জানান, বাঙালি জাতির মুক্তি ও অধিকার আদায়ের লক্ষ্যে ঢাকার কে এম দাস লেনের রোজ গার্ডেনে ১৯৪৯ সালের ২৩শে জুন বাংলাদেশ আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয়। জেলে বন্দি থাকা অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন। প্রতিষ্ঠার পর থেকে এ ভূখণ্ডে যা কিছু বিশাল অর্জন সবই আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে।

## চুয়াডাঙ্গায় ৫ বছরের শিশু ধর্ষণ

জিজ্ঞাসাবাদে উক্ত ঘটনার সাথে তার সম্পৃক্ততার কথা স্বীকার করেছে। চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এ বিষয় নিশ্চিত করেছেন। গ্রেফতার তানভির হোসেন কাকন চুয়াডাঙ্গার দর্শনা নাস্তিপুর গ্রামের বেলেমাঠ পাড়ার আশরাফুল ইসলামের ছেলে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন জানান, গত বৃহস্পতিবার বেলা ১২টায় নাস্তিপুর বেলেমাঠপাড়া গ্রামে অভিযুক্ত তানভির হোসেন কাকন নিজ ঘরে ৫ বছর বয়সী কন্যা শিশুকে জোরপূর্বক ধর্ষণ করে। শিশুটির পরিবারের লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করেন। ঘটনার পর পরই অভিযুক্ত তানভির পালিয়ে যায়। শিশুটির পিতার অভিযোগে দর্শনা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করা হয়।

পুলিশ সুপার আরো জানান, মামলা রুজুর ২৪ ঘন্টার মধ্যে দর্শনা থানা পুলিশ অভিযান পরিচালনা করে অভিযুক্ত তানভির হোসেন কাকনকে গ্রেফতার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে নিজেই ধর্ষনের কথা স্বীকার করে।

## ডাক্তার রিপোর্ট দেখে বললেন

উদ্দেশ্যে যান। সেখানে ডাক্তার অরুণ কুমার বিশ্বাস তার মেয়ের গর্ভকালীন সময় পর্যায়ক্রমে ১৫ সপ্তাহ ১৮ সপ্তাহ ও ৩৩ সপ্তাহ মোট তিন দফায় আল্ট্রাসনোগ্রাফি

করেন। এবং প্রতিবারই রিপোর্টে একটি মাত্র সন্তানের কথা উল্লেখ করেন।পরবর্তীতে গত ১৫/৬/২০২৩তারিখে স্থানীয় একটি বেসরকারি ক্লিনিকে ডাক্তার প্রতাপ কুমার বিশ্বাসের তত্ত্বাবধানে রোগীর সিজার করা হয়। সেখানে দুইটি জমজ কন্যা সন্তানের জন্ম হয়। তিনি আরো জানান ডাক্তার অরুণ কুমার বিশ্বাস অনেক বড় এবং নামকরা ডাক্তার। তার দ্বারা এমন একটা ভুল মেনে নেওয়া যায় না। ভুল একবার হতে পারে কিন্তু পরপর তিনবার একই ভুল কিভাবে হয়? ভুল রিপোর্টের কারণে আমার মেয়ে যদি কোন দুর্ঘটনার সম্মুখীন হত তাহলে এর দায়ভার কে নিত ? সে কি আসলেই ডাক্তার না অন্য কিছু?

কালীগঞ্জের নোভা ডায়াগনস্টিক সেন্টার এর এরকম ভুলেভরা রিপোর্টের অভিযোগ করলেন শ্রীরাসপুরের স্থানীয় বাসিন্দা রফিকুল ইসলাম। তিনি সাংবাদিকদের জানান গত বছর আমার স্ত্রী রোকেয়া পারভিনকে নিয়ে যাই টেস্ট করাতে কিন্তু তারা যে রিপোর্ট দেন তা ছিল সম্পূর্ণ ভুল। এদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবার জন্যে তিনি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন।

এ ব্যাপারে কথা হয় ডাক্তার অরুণ কুমার বিশ্বাসের সাথে। তিনি তার ভুল স্বীকার করেন এবং দুঃখ প্রকাশ করেন। তিনি নিউজটি প্রকাশ না করার জন্য সাংবাদিকদের অনুরোধ করেন।

কথা হয় ডাক্তার প্রতাপ কুমার বিশ্বাসের সাথে। তিনি বলেন একজন অভিজ্ঞ ডাক্তারের থেকে এরকম ভুল মেনে নেওয়া যায় ন। এটি অত্যন্ত দুঃখজনক ও শাস্তিযোগ্য অপরাধ।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আলমগীর সাংবাদিকদের জানান, আপনারা হয়ত আমাদের সিভিল সার্জনকে বিষয়টি অবহিত করেছেন তিনি আমাকে ফোন করে বিস্তারিত বলেছেন। আপনার ভুক্তভোগী পরিবারকে অভিযোগ দিতে বলুন আমরা ব্যবস্থা নিবো। প্রমাণ সহকারে সংবাদ প্রচারের ভিত্তিতে কি অভিযান পরিচালিত হবে না.? এরকম প্রশ্নের জবাবে তিনি বলেন সেক্ষেত্রে যদি সিভিল সার্জন ম্যাডাম আমাদের নির্দেশ দেন অবশ্যই সম্ভব।

নোভা ডায়াগনস্টিক সেন্টার এর এরকম ভুলে ভরা রিপোর্টের বিষয়ে কথা হয় ঝিনাইদহ সিভিল সার্জন ডা.শুভ্ররানী দেবনাথ এর সাথে। যেরকম ভাঙ্গা মেশিন, সেরকমই ভাঙ্গা ডাক্তার, আপনারা কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আলমগীর এর সাথে বিষয়টি নিয়ে কথা বলুন ও অভিযোগ দিন। ওই ক্লিনিকে ভ্রাম্যমান আদালত পরিচালিত করে ওদের মানহীন মেশিন বাজেয়াপ্ত করার ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে ভুক্তভোগী জনগণের দাবি আমরা চিকিৎসা সেবা নিতে যেয়ে এইসব ভুয়া মানহীন ডায়াগনস্টিক সেন্টারে হয়রানির শিকার ও অপচিকিৎসার শিকার হচ্ছি। যার কারণে ঝিনাইদহের চিকিৎসা সেবা প্রশ্নবিদ্ধ হচ্ছে। অনতিবিলম্বে এই সকল মানহীন ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি করেছেন সর্বসাধারণ জনগণ।

## মাগুরায় প্রয়াত শ্রমিক পরিবারের

ফজলুর রহমান, জেলা ছাত্রলীগের সভাপতি নাহিদ খান, জেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক আছাদুজ্জামান কিশোর প্রমুখ।

অনুষ্ঠানে জানানো হয়, মাগুরা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস মটর শ্রমিক ইউনিয়নের মৃত ৫০ জন সদস্যের পরিবারের প্রত্যেকের হাতে ১০ হাজার টাকা হারে মোট ৫ লাখ টাকার অনুদানের চেক বিতরণ করা হয়।

## গোল্ডেন লাইফ ইন্স্যুরেন্সের জিএসটি

২০ জুন গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড এর বীমা গ্রাহক ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ৬২ নং ওয়ার্ড এর কাউন্সিলর আলহাজ্ব মোস্তাক আহমেদ এর ২ লক্ষ ৪০ হাজার টাকার বীমা দাবীর চেক হস্তান্তর করেন কোম্পানির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক সুমল কান্তি দাস এ সময় উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক কবির হোসেন ও বিভাগীয় ডিএমডি আব্দুল জলিল।

## মিনিস্টার ফ্রিজ কিনে ১০০% ফ্রি

এলইডি টিভি, এসি এবং হোম এ্যাপ্লায়েন্স পণ্য কিনলেই পেতে পারেন স্ক্র্যাচ কার্ড। আর কার্ড ঘষেই পাওয়া যাবে ক্যাশ ভাউচার, ইনস্ট্যান্ট গিফট, ১০০% পর্যন্ত ফ্রি, নগদ মূল্যছাড়াসহ আকর্ষণীয় নিঁশ্চত সব উপহার।

১০০% ফ্রি পেয়ে অত্যন্ত খুশি মো. হাবিবুর রহমান । তিনি ১০০% ফ্রি পেয়ে উচ্ছ্বাসিত কণ্ঠে বলেন, 'আমি এখনো বিশ্বাস করতে পারছি না যে, ফ্রিজ কিনে ১০০% ফ্রি পেয়েছি। এই খুশি ভাষায় প্রকাশ করার মত নয়। এর আগে অনেক প্রতিযোগিতায় ছোট ছোট পুরস্কার পেলেও এইবারই প্রথম আমি এত বড় পুরস্কার পেয়েছি। সত্যি কথা বলতে, এই ঈদে ফ্রিজ কেনাটা খুব চাপের ব্যাপার ছিল। তবুও অতিপ্রয়োজন ছিল বিধায় ফ্রিজ কেনার জন্য মনস্থির করি। আশেপাশের অনেকের কাছ থেকে খোঁজ খবর নেই বাজারে দামে কম মানে ভালো কোন কোম্পানির ফ্রিজ ভালো। তারপর সিদ্ধান্ত নেই যে, মিনিস্টার ফ্রিজই নিব। তখনো ভাবিনি এত বড় বিস্ময় অপেক্ষা করছে আমার জন্য। মিনিস্টার কোম্পানিকে বিশেষ ধন্যবাদ ক্রেতা-সাধারণের জন্য এমন অফার রাখার জন্য।'

৫০% ফ্রি পেয়ে ব্যাপক আনন্দিত ডগাইয়ের মো. রাসেল । পুরস্কার পাওয়ায় ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, 'আমি অত্যন্ত আনন্দিত। আমার ঈদের আনন্দ দ্বিগুণ হয়ে গিয়েছে। মিনিস্টার কোম্পানিকে অসংখ্য ধন্যবাদ আমাদের জন্য এমন অফার রাখার জন্য।'

এ বিষয়ে মিনিস্টার গ্রুপের হেড অব ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন কেএমজি কিবরিয়া বলেন, 'ঈদ হচ্ছে আনন্দ উদযাপন ও উপহার দেওয়ার সময়। আর তাই এবার ঈদে আমাদের সম্মানিত গ্রাহকদের জন্য আমাদের পণ্য উপভোগের মাধ্যমে আনন্দ ভাগাভাগি করার সুবিধার্থে মিনিস্টার গ্রুপ এই ঈদ স্পেশাল ক্যাম্পেইন চালু করেছে।'

উল্লেখ্য, সকল প্রকার (ফ্রিজ, এলইডি টিভি এবং এসি) এক্সচেঞ্জ (পুরনো দিলে নতুন মেলে) অফার সমূহ অফারের নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত চলমান থাকবে। রয়েছে ০% ডাউন পেমেন্ট এর সুযোগ এবং ৩৬ মাসের সহজ কিস্তি সুবিধা।

## কোটচাঁদপুরে এমপি চঞ্চলের ঐচ্ছিক

সহ-সভাপতি নুরুল ইসলাম খান বাবলু সহ সভাপতি লুৎফর রহমান, সাবেক পৌর আওয়ামী লীগের আহবায়ক মোঃ ফারজেল হোসেন মন্ডল, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাসেম উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেন কুশনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শাহারুজ্জামান সবুজ ও সাবেক চেয়ারম্যান যুবলীগ নেতা আব্দুল হান্নান, বলুহর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম আরও উপস্থিত ছিলেন বিভিন্ন প্রিন্ট মিডিয়ার সাংবাদিক উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারীসহ আওয়ামী লীগ, যুবলীগ ছাত্র লীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীরা।

## দূর্নীতির আঁখড়া শার্শার ডিহি ইউনিয়ন

চেয়ারম্যান আসাদুজ্জামান মুকুল,৪নং ওয়াড্রের ইউপি সদস্য কামরুজ্জামান ( জজ মিয়া ) ও খলিশাখালীর মিসির ব্যাপারীর নামে দূর্নীতি-অনিয়মের অভিযোগ তুলে শার্শা উপজেলা প্রশাসন এবং যশোর জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন।

ভূক্তভোগীর দেওয়া অভিযোগ হতে জানা যায়, ২০১৭ সালের ২৯সেপ্টেম্বর তার স্বামী আব্দুল গনি হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। এরপর হতে তার ১৩ বছর বয়সী কন্যা ফেরদৌসি প্রমিকে নিয়ে যশোর কোতয়ালী থানাধীন নওয়াপাড়া গ্রামে বসবাস করেন তিনি।

এ সুযোগে তার ভুক্তভোগীর কন্যা সন্তানের উত্তারাধীকারী সূত্রে প্রাপ্ত সম্পত্তির অংশ না দিতে অসুস্থ শাশুড়ীকে ফুসলিয়ে ভুক্তভোগীর দুই ননদের জামাই মিসির ব্যাপারী ও মমতাজ ডিহি ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বারের সহযোগীতায় জাল-জালিয়াতির আশ্রয় নিয়ে গোপনে সকল সম্পত্তি দুই ননদের নামে রেজিস্ট্রি করে নিয়েছে। জাল জালিয়াতি করে সম্পত্তি লিখে নেওয়া ও মৃত আব্দুল গনির নকল স্ত্রী সন্ড্রান সাজিয়ে আব্দুল গনির প্রাপ্ত সম্পদ থেকে ভুক্তভোগী ও তার মেয়েকে বঞ্চিত করতে ইন্দন দিয়েছে মৃত আব্দুল গনির দুই মামা খলিশা খালি গ্রামের মৃত মিসির ব্যাপারীর দুই ছেলে শহিদুল ইসলাম ও শামসুর রহমান। ২০২১ইং সালে ফাতেমার শাশুড়ী মারা গেলে ফাতেমা খাতুন তার মেয়ের সম্পত্তির অংশ বুঝে নিতে চাইলে অভিযুক্ত মিসির ব্যাপারী জানাই মারা যাওয়ার পূর্বে শাশুড়ী সকল সম্পত্তি তার কন্যা দ্বয়ের নামে লিখে দেওয়ায় সেখানে তার স্বামীর কোন অংশ নাই। প্রতিকার পেতে ইতিমধ্যে তিনি আদালতে মামলা করেছেন বলে জানান তিনি।

ফাতেমা খাতুন বলেন, কামরুজ্জামান ও মুকুল চেয়ারম্যান পরিকল্পিত ভাবে বিপুল অংকের টাকা নিয়ে আমার স্বামীর অংশীদার ও ওয়ারেশ হিসাবে রিমিকা পারভীন রিমু ও তার মেয়ে ফাহিমা ফেরদৌসির নামে (তৃতীয় পক্ষ ) জাল জালিয়াতির আদলে জন্মসন্দপত্র ও ওয়ারেশকাম সনদ তৈরী করে দিয়েছে যেখানে পিতা হিসাবে মৃতঃ স্বামী আব্দুল গনির নাম ব্যবহার করা হয়েছে।

পরবর্তীতে আমি ব্যাপক খোঁজ খবর নিয়ে জানিতে পারি যে,ফাহিমা ফেরদৌস এর প্রকৃত নাম ফাহিমা আক্তার তিশা ও পিতাঃ অলিয়ার রহমান। জন্ম নিবন্ধন নং- ২০১০৫৫১৬৬৩১০৩৭১২৫ ও ইস্যু তাং-৫-২-২০১৩সাল।

এদিকে মৃত আব্দুল গনির বানানো নকল স্ত্রী রিমিকা পারভিন ভুক্তভোগী ফাতেমা খাতুনের মামলায় যশোর সিআইডি পুলিশের মাধ্যমে জাল জালিয়াতির বিষয়টি জানতে পেরে শার্শা ডিহি ইউনিয়নের চেয়ারম্যান আসাদুজ্জামান মুকুল ও মেম্বার কামরুজ্জামান, খলিশাখালী গ্রামের মিসির ব্যাপারী, মমতাজ, শহিদুল ইসলাম ও শামসুর রহমানের নামে জালিয়াতি মামলা করেন।

জালজালিয়াতির বিষয়ে রিমিকা পারভীন এর কাছে জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে আমি কিছুই জানিনা। আমি আমার স্বামী সন্তান নিয়ে মাগুরাতে বসবাস করি। আমার মামলায় উক্ত আসামিরা আমার নাম ব্যবহার করে নিজেদের স্বার্থ হাসিলের জন্য এই জাল জালিয়াতির আশ্রয় নিয়েছে। আমি ডিহি ইউনিয়নের কোন চেয়ারম্যান মেম্বারকে চিনি না। এমনকি মৃত আব্দুল গনিও আমার স্বামী না।

এ বিষয়ে ডিহি ইউনিয়নের চেয়ারম্যন আসাদুজ্জামানের মুঠো ফোনে কথা বললে তিনি বলেন, আমি যে সকল গাগজপত্র দিয়েছি তা সঠিক। স্থানীয় ইউপি সদস্য যাচাই বাছাইসহ সাক্ষর করে দিলে আমি জন্মনিবন্ধন ও ওয়ারেশকাম সনদ দিয়েছি।

অভিযোগ বিষয়ে জানতে শার্শা উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সাক্ষাৎ এর চেষ্ঠা করেও সাক্ষাৎ না মেলায় বিবৃতি জানা যাইনি।

উল্লেখ্য ডিহি ইউনিয়ন পরিষদ হতে সখিনা খাতুন (৬২) নামের এক ভারতীয় নাগরিককে গত ১০ মে ২০২৩ ইং তারিখে আইনবর্হিভূত ভাবে জন্মসনদ সরবারহ করা হয়েছে।

যাহার অপব্যাবহারে বায়নামূলে ক্রয়কৃত সম্পতির অংশ পূনঃবিক্রয় ও রেজিস্ট্রি হওয়ায় বেদখল হতে যাচ্ছে ডিহি ইউনিয়নের তেবাড়ীয়া গ্রামের মৃতঃ আলমগীর হোসেন চুনুর স্ত্রী মোছাঃ কাজল রেখার পরিবার। প্রতিকার পেতে তিনিও যশোর জেলা প্রশাসকের নিকট লিখিত অভিযোগ দায়ের করেছেন বলে জানা গেছে।

ডিহি ইউনিয়ন পরিষদ হতে একাধিক বিতর্কিত জন্মসনদ প্রদানের অভিযোগ এলাকাবাসীর কাছে প্রশ্নবিদ্ধ হয়েছে। উপযুক্ত প্রমানাদি ছাড়াই জন্মসনদ সরবারহকরাকে তারা নেতিবাচক হিসাবে দেখছেন। বিষয়টি প্রতিকারে এলাকাবাসী জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট উর্দ্ধতনদের হস্তক্ষেপ কামনা করেছেন।

## জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে

নির্বাহী কমিটির সদস্য ফরিদা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপির স্থানী কমিটির সদস্য বেগম সেলিমা রহমান। প্রধান বক্তা ছিলেন বিএনপির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু। আলোচক ছিলেন, বিএনপির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা কৃষকদলের আহ্বায়ক আনোয়ারুল ইসলাম বাদশা। আলোচনা সভা শেষে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## মেহেরপুরে অটোচালক

হলে নাহিদকে গ্রেপতার করে পুলিশ। কিন্তু কি কারনে আব্দুর রহমানকে নৃর্শস ভাবে হত্যা করা হয়েছে বা কারা কারা হত্যার সাথ জড়িত তার সঠিক তদন্ত করে প্রকৃত অপরাধীদের দ্রত গ্রেফতার ও তাদের ফাঁসীর দাবী জানান নিহত আব্দুর রহমানের স্ত্রী সন্তানসহ পরিবারের লোকজন। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন নিহত আব্দুর রহমানের স্ত্রী রেহেনা খাতুন, কণ্যা রিনা ও রিতা খাতুন, ভাগ্নে সাইদুর রহমান, বোন নুরজাহান বেগম। সংবাদ সম্মেলনে জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মাধ্যমের সাংবাদিরা উপস্থিত ছিলেন।

## বেনাপোলে ডিবি পুলিশের অভিযানে

বেনাপোল থানা এলাকায় অভিযান পরিচালনা করে বেনাপোল পোর্ট থানাধীন ভবেরবেড় পশ্চিমপাড়া গ্েথকে ইয়াবাসহ তাদের আটক করা হয়।

এ বিষয়ে যশোর গোয়েন্দা শাখার ডিবি পুলিশের অফিসার ইনচার্জ ওসি রুপন কুমার সরকার জানান, এ সংক্রান্তে এসআই আরিফুল ইসলাম বাদী হয়ে বেনাপোল থানায় মামলা করেন।

## কালীগঞ্জে মাদক নিয়ন্ত্রণ অভিযানে

কয়েকদিন ধরে উপজেলার সোনালীডাঙ্গা গ্রামের গোলাম নবীর ছেলে আলমগীর হোসেন নামে এক আত্মীয় অবস্থান করছিল। সে থ্রি স্টার হোটেলে মিষ্টি তৈরির কাজ করে। অভিযানের দিন মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রন অফিসের কয়েকজন ব্যক্তি আমার শয়ন কক্ষে প্রবেশ করে তল্লাশি করতে থাকে। এক পর্যায়ে কোন মাদক না পেয়ে ঘুমন্ত অবস্থায় আলমগীরকে ডেকে আমারসহ তাকে হাতকড়া পরিয়ে ১৭ পিস ইয়াবার কৌটা হাতে ধরিয়ে দেন উপ পরিদর্শক আলতাফ হোসেন।

এ সময় জুয়েল ও তার সহধর্মিনীকে মাদক মামলায় ফাঁসানোর ভয়ভীতি দেখিয়ে ১ লাখ ৫০ হাজার টাকা দাবি করেন। সেখানে উপস্থিত এই মামলার এক নম্বর সাক্ষী আসাদুল জামান বাবুর মাধ্যমে দেনদরবার করে জুয়েলের সহধর্মিনী। পরবর্তীতে বাবুর হাত থেকে সহকারী পরিদর্শক আব্দুর রশিদ ৬৮ হাজার টাকা নগদ গ্রহন করেন

এবং তল্লাশি সময়ে জুয়েলের মানিব্যাগ থেকে ৬ হাজার টাকাও তারা নিয়ে নেন। একই সাথে আলাদা ঘরে জুয়েল ও তার স্ত্রীর নিকট থেকে জোরপূর্বক তাদের পক্ষে ভিডিও বক্তব্য ধারণ করেন। এ সময়ে জুয়েলের বেড রুমে থাকা সিসি ক্যামেরা তারা ভাংচুর করে। কালীঞ্জ থানার ১৩/২৩ মামলার ১নং স্বাক্ষী আসাদুল জামান বাবু ৬৮ হাজার টাকা কর্মকর্তাদের হাতে দেওয়ার কথা স্বীকার করলেও ওই মামলা ২ নং আসামী একই উপজেলার দেবরাজপুর গ্রামের অধির দাসের ছেলে বিকাশ দাস মাদক উদ্ধার এবং এই মামলা সম্পর্কে কিছুই জানেন না। ঝিনাইদহ মাদক নিয়ন্ত্রন অফিসের উপ পরিদর্শক আলতাফ হোসেনের নিকটের অর্থগ্রহণ ও মাদক দিয়ে মামলা দেওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন,অভিযোগ সত্য নয়,কোথায় আছেন আপনি। আমি আপনার সাথে দেখা করব। ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রন অফিসের সহকারী পরিচালক গোলক মজুমদার বলেন,অভিযোগের ব্যাপারে প্রমাণ থাকলে আমাকে দেন,আমি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করব।

এ ব্যাপারে ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদারের সাথে কথা বলতে তার মোবাইলে কল দেওয়া হলে তিনি কল রিসিভ করেন নি।

## রাজনীতিতে শ্রদ্ধাবোধ ও মানবিকতা

রেখেই বাংলাদেশ আওয়ামী লীগের নিবেদিত কর্মী ও প্রাণপুরুষ। আব্দুস সালাম বাঁধন জেলা ছাত্রলীগের সভাপতি দায়িত্ব অর্জন করেন ২০১৮ সালে তারপর থেকেই তিনি তরুণ ও যুব সমাজকে চরমভাবে ছাত্রলীগের মধ্যে অংশীদার করেন। তিনি যেমন জেলার ছাত্রলীগ এর সভাপতি হয়ে দলের অঙ্গসংগঠন ব্যাপকভাবে সমৃদ্ধ করেছেন তেমনি সামাজিক ও বিভিন্ন কাজ করে নিজেকে নিয়ে গেছেন অন্য এক মাত্রায়। বিশেষ করে মাদকের বিরুদ্ধে কাজ করে সাধারণ মানুষের মধ্যে প্রশংসার দাবিদার হয়েছেন। আব্দুস সালাম বাঁধন মনে করেন রাজনীতি হোক মানুষ ও সমাজের কল্যাণে তাই মানবিক বিষয় নিয়ে ছুটে বেড়ান এই কাজ প্রিয় যুবক। তার ছাত্রলীগ এর আন্দোলনের ফসল মেহেরপুর সরকারি কলেজ মাস্টার্স অন্তর্ভুক্ত করা। আব্দুস সালাম বাঁধন বলেন অতীতের চাইতে মেহেরপুর ছাত্রলীগ এখন যথেষ্ট সুশ্রী শৃংখল ও সমৃদ্ধ, তিনি আগামী দিনের পরিকল্পনার কথা বলতে গিয়ে বলেন ছাত্রলীগ একটি দলের অঙ্গ সংগঠন সুতরাং জেলা আওয়ামী লীগ এর যেকোনো অর্জনের সাথে মিলেমিশে থাকতে চাই। আব্দুস সালাম বাঁধন দৃঢ়ভাবে বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর আদর্শের নেতা রাজনৈতিক গুরু মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এ বিষয়ে তরুণ নেতা আব্দুস সালাম বাঁধন বলেন তিনি মূলত রাজনীতিটা তাঁর শ্রদ্ধেয় চাচা মহাজনপুর ইউনিয়ন এর একাধিক বারের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর কাছ থেকে শিখেছেন। তিনি এক প্রশ্নের জবাবে স্থানীয় সিনিয়র নেতাদের উদ্দেশ্যে বিনয়ের সাথে বলেন মেহেরপুর ছাত্রলীগ ঐক্যবদ্ধ মেহেরপুর আওয়ামী লীগকে দেখতে চাই।

## মেহেরপুরে ৯ শতাধিক কলা গাছে

করবেন। দুই বিঘা জমিতে প্রায় ৯ শতাধিক কলার গাছ রোপন করা হয়েছিল। প্রতিটি কলা গাছে কলার কাঁধি এসেছে। কলা মোটা হতে শুরু করেছে। ঠিক সেই মুহূর্তে রাতের আধারে দুর্বৃত্তরা ৯ শতাধিক কলার কাঁদি কেটে টুকরো টুকরো করে ফেলে রেখে গেছে। শনিবার সকালে কলার মাঠে গিয়ে এই দৃশ্য থেকে কান্নায় ভেঙে পড়েন তিনি। খবর পেয়ে কোমরপুর পুলিশ ক্যাম্পের আইসি ঘটনাস্থল পরিদর্শন করেন।

## চুয়াডাঙ্গা সীমান্ত থেকে ১১

একটিমোবাইলসহ দর্শনা থানার পারকৃষ্ণপুর গ্রামের শুকুর আলির ছেলে তরিকুল আলম (৩০)কে আটক করে। বিজিবির টহল কমান্ডার রবিউল ইসলাম জানান, আটক সোনার বারের বাজার মূল্য প্রায় ৭০ লাখ টাকা।

চুয়াডাঙ্গা বিজিবির-৬ ব্যাটালিয়ন অধিনায়ক লে. কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান জানান, মামলার পর আটক আসামিকে দর্শনা থানায় ও উদ্ধারকৃত সোনা জেলা ট্রেজারিতে পাঠানো হয়েছে।

## আজ ঢাকায় আসছেন জাতিসংঘের

বৈঠকে যোগ দিতে ঢাকায় আসছেন তিনি।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য বলছে, রোববার (২৫ জুন) ঢাকায় দুই দিনব্যাপী ডিপার্টমেন্ট অব পিস অপারেশনস (ইউএসজি ডিপিও) জাতিসংঘ শান্তিরক্ষা মন্ত্রী পর্যায়ের বৈঠকের প্রস্তুতিমূলক সভা শুরু হতে যাচ্ছে। বৈঠকে যোগ দিতে ইতোমধ্যে জাতিসংঘের ব্যবস্থাপনা কৌশল, নীতি এবং সম্মতি বিষয়ক আন্ডার সেক্রেটারি ক্যাথরিন পোলার্ড পাঁচ দিনের সফরে শুক্রবার ২৩ জুন ঢাকায় এসেছেন।

মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, বাংলাদেশকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিষিদ্ধ করার জন্য দেশে-বিদেশে যে অপপ্রচার চলছে ঠিক সেই সময়ে ঢাকা সফরে আসছেন আন্ডার সেক্রেটারি ল্যাক্রোইক্স। জাতিসংঘ শান্তিরক্ষা মন্ত্রী পর্যায়ের বৈঠকের প্রস্তুতিমূলক বৈঠকে যোগ দিতে তার ঢাকায় আসাটা বেশি তাৎপর্য বহন করছে। কেননা, ল্যাক্রোইক্স-এর সফরে ঢাকার পক্ষ থেকে বাংলাদেশি শান্তিরক্ষীদের নিয়ে যে অপপ্রচার চলছে, সেটি তুলে ধরার সুযোগ রয়েছে।

চলতি বছরের ৫ ও ৬ ডিসেম্বর পশ্চিম আফ্রিকার দেশ ঘানায় বসছে জাতিসংঘ শান্তিরক্ষা মন্ত্রী পর্যায়ের বৈঠক। তারই প্রস্তুতিমূলক বৈঠক ঢাকায় হতে যাচ্ছে। জাতিসংঘের অনুরোধে বাংলাদেশ কানাডার সহযোগিতায় এ বৈঠকের আয়োজন করেছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা বলেন, দ্বিতীয়বারের মতো বাংলাদেশ জাতিসংঘের পিসকিপিং মন্ত্রী পর্যায়ের সম্মেলনের প্রস্তুতিমূলক সভা হতে যাচ্ছে। এতে জাতিসংঘের বিভিন্ন সংস্থার প্রধানসহ একশর বেশি অতিথি যোগ দেওয়ার কথা রয়েছে। বাংলাদেশের ওপর আস্থা থাকায় জাতিসংঘ বাংলাদেশকে এ আয়োজনের দায়িত্ব দিয়েছে।

## খালেদা জিয়াকে সরকার আটক

দিয়ে নির্বাহী আদেশে তার শাস্তি স্থগিত রেখেছেন এবং তাকে বাসায় অবস্থানের সুযোগ করে দিয়েছেন। শেখ হাসিনার এ বদান্যতার প্রতি তারা কৃতজ্ঞ থাকা উচিত ছিল। গতকাল শনিবার এক বিবৃতিতে এসব কথা বলেন ওবায়দুল কাদের। বিবৃতিতে ওবায়দুল কাদের বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ বিএনপি নেতাদের রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানান। বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, শেখ হাসিনা মানুষের ভোট ও ভাতের অধিকার প্রতিষ্ঠা করেছেন। বিএনপিই দেশের মানুষের ভোটের অধিকার হরণ করেছে। প্রকাশ্যে ভোট ডাকাতির মাধ্যমে গণতন্ত্র এবং ভোটাধিকার হরণে বিএনপি রেকর্ড সৃষ্টি করেছে। যারা দেশকে ভঙ্গুর এবং পরনির্ভরশীল করে রেখে গিয়েছিল, তারা আজ দেশের অর্থনৈতিক অর্জন নিয়ে সমালোচনা করে। তারা প্রতিনিয়ত মিথ্যাচারের ফানুস উড়াচ্ছে। এ দেশের অর্থনীতিকে আজ শক্তিশালী কাঠামোর ওপর দাঁড় করিয়েছেন শেখ হাসিনা। বাংলাদেশ আজ বিশ্বের অর্থনৈতিকভাবে এক উদীয়মান শক্তি। দেশের এ অর্জন-সমৃদ্ধি তারা কখনও মেনে নিতে পারে না। বিএনপি রাজনীতি হচ্ছে পরশ্রীকাতরতা এবং দ্বিচারিতায় পূর্ণ। তিনি আরও বলেন, এ দেশে জিয়া পরিবারের গল্প মানুষ জানে। ভাঙ্গা স্যুটকেসের গালভরা গল্প মানুষ ভুলে যায়নি। ভাঙ্গা স্যুটকেস থেকে বিলাসবহুল জাহাজ বেরিয়ে আসতেও দেখেছে জনগণ। বিএনপি শাস-নামলে তারেক জিয়ার নেতৃত্বে দুর্নীতি ও অর্থপাচার প্রাতিষ্ঠানিক রূপ পেয়েছিল। বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, বিএনপি এখন আত্মদহনে দগ্ধ। ভুল রাজনীতির খেসারত দিচ্ছে তারা। স্বাধীন দেশের রাজনৈতিক দল হয়েও মনোজগতে তারা এখনও পরাধীনতায় বিশ্বসী। পাকিস্তানি ভূত তাদের মাথা থেকে যায়নি। তার জনগণের কাছে না গিয়ে বিদেশি দূতাবাসে ধরণা দিচ্ছে। যাদের জন্ম এবং বিকাশ ষড়যন্ত্রের মাধ্যমে তারা সে বৃত্ত থেকে বের হয়ে আসতে পারবে না, এটাই সত্যি। কিন্তু বাংলাদেশ আওয়ামী লীগ জনগণের জন্য রাজনীতি করে। জনগণের পাশে আছে, জনগণের পাশেই থাকবে।

## কুরিয়ারে খালেদা জিয়াকে

বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে কয়েকটি প্যাকেটে ফল ও উপহার পৌঁছে দেয়া হয়। চেয়ারপারসনের কার্যালয় সূত্র জানিয়েছে, বিকেলে খালেদা জিয়ার জন্য পাঠানো উপহারের প্যাকেটের ওপরে ম্যাডামের (বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া) নাম লেখা ছিল।

এর আগে ২০২০ সালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে উপহার পাঠিয়েছিল ঢাকায় নিযুক্ত চীনা দূতাবাস। ওই সময়ে উপহার দেয়ার পাশাপাশি দূতাবাস কর্মকর্তারা খালেদা জিয়ার আরোগ্য কামনা করেন। উপহার সামগ্রী গ্রহণ করার পর তা সাবেক প্রধানমন্ত্রীর গুলশান বাসভবন ফিরোজায় পাঠিয়ে দেয়া হয়।

## স্পিকারের সঙ্গে জাতিসংঘের

ও লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রশংসনীয় অগ্রগতি অর্জন করেছে।'

তিনি বলেন, 'শেখ হাসিনার বিশেষ উদ্যোগ আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে একটি পরিবারের স্বামী-স্ত্রী উভয়ের যৌথ নামে ঘর প্রদান করা হচ্ছে, যার ফলে নারীর অধিকার সংরক্ষিত হচ্ছে।'

স্পিকার বলেন, 'প্রধানমন্ত্রী গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের জন্য নগদ ভাতা প্রদান করছেন। এছাড়া তিনি সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদির ব্যবস্থা করেছেন, যা দেশের অতি দারিদ্র্যের হার কমাতেও সহায়ক হচ্ছে।'

নারী শান্তিরক্ষার ১ম বৈঠকে নিজের অংশগ্রহণের কথা উল্লেখ করে তিনি বলেন, 'জাতিসংঘের শান্তিরক্ষা মিশনগুলোতে বাংলাদেশের নারীরা দক্ষতা ও সুনামের সাথে কাজ করে আসছেন।' ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

স্পিকার বলেন, 'বর্তমানে রোহিঙ্গা সমস্যা বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যা। বাংলাদেশের প্রধান পর্যটন স্থান কক্সবাজারের জনসংখ্যা থেকেও রোহিঙ্গাদের সংখ্যা বেড়ে গেছে।' তিনি বলেন, 'শুধু রাজনৈতিক স্বদিচ্ছার মাধ্যমে এ সমস্যা সহজেই সমাধান করা সম্ভব।'

আন্ডার সেক্রেটারি জেনারেল মিস পোলার্ড জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের দীর্ঘস্থায়ী এবং বিশাল অবদানের কথা স্বীকার করেন। তিনি নারীর ক্ষমতায়নে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করেন।

এ সময় মিস পোলার্ড বর্তমানে চলমান জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমগুলো অতীতের শান্তিরক্ষা কার্যক্রমের বিপরীতে ক্রমশ জটিল ও ব্যয়বহুল হয়ে উঠছে উল্লেখ করে এ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের সক্রিয় ভূমিকার প্রশংসা করেন।

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মুহাম্মদ আবদুল মুহিত এবং জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেলের বিশেষ সহকারী মিস দারাগ রাসেলসহ সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## আজ থেকে উৎপাদনে যাচ্ছে

গত ২৫ মে বিদ্যুৎ কেন্দ্রটির প্রথম ইউনিটের উৎপাদন বন্ধ হয়ে যায়। ৫ জুন বন্ধ হয় দ্বিতীয় ইউনিট। ফলে লোডশেডিং বৃদ্ধি পায়।

তখন সরকার জানিয়েছিল, দুই সপ্তাহের মধ্যে বিদ্যুৎকেন্দ্রটি ফের চালু হবে। পূর্ণ ক্ষমতায় এটি চালাতে ১১ থেকে ১২ হাজার টন কয়লা লাগে। বিদ্যুৎকেন্দ্রটি থেকে ১ হাজার ২৪৪ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যায়, যা দেশের গড় উৎপাদনের প্রায় ১০ শতাংশ।

## ঈদের দিন বৃষ্টি হবে কিনা জানাল

থেকে মাঝারি বৃষ্টিপাত এবং সিলেট ও ময়মনসিংহ বিভাগে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টিপাত হতে পারে।'

আবুল কালাম মল্লিক জানান, এই সপ্তাহজুড়ে তাপমাত্রা ৩০ থেকে ৩৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ওঠানামা করবে। বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে গরম অনুভূত হতে পারে। তবে তাপপ্রবাহের আশঙ্কা নেই বললেই চলে।

এদিকে শনিবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, মৌসুমি বায়ুর অক্ষ উত্তর প্রদেশের পূর্বাংশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগর এলাকায় প্রবল অবস্থায় বিরাজ করছে।

এ অবস্থায় খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

এ ছাড়া সারা দেশে দিন ও রাতে তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে।

আগামী তিন দিনের আবহাওয়ার অবস্থায় বলা হয়েছে, বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

## ফরিদপুরে মাইক্রোবাসে আগুন

সত্যতা নিশ্চিত করেছেন। নিহতের নাম-পরিচয় এখনো জানা যায়নি।

তিনি বলেন, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের রেলিংয়ে দ্রুত গতির অ্যাম্বুলেন্সটির ধাক্কা লেগে ইঞ্জিনের সামনের অংশ আগুন ধরে যায়। এতেই হতাহতের ঘটনা ঘটে। কোনো সিলিন্ডার বিস্ফোরণের তথ্য পাওয়া যায়নি।

ঘটনার পরে ভাঙ্গার দমকল বাহিনী আগুন নিভানোর কাজে অংশগ্রহণ করে। ভাঙ্গা দমকল বাহিনী সূত্রে জানা যায়, চালক মৃদুল (৪০) বাদে অ্যাম্বুলেন্সে থাকা সকলেই ঘটনাস্থলে মারা গেছেন। চালককে গুরুতর অবস্থায় হাসপাতালে নেওয়া হয়েছে।

## ডেঙ্গুতে বছরের সর্বোচ্চ ৫০০

অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ ডা. মো. জাহিদুল ইসলামের সই করা ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, শুক্তবার সকাল ৮টা থেকে গতকাল শনিবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন ৫০০ জন রোগী। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ৪১৭ জন ও ঢাকার বাইরের ৮৩ জন। চলতি বছরের ১ জুন থেকে ২৪ জুন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ছয় হাজার ৮৩৯ জন। তাদের মধ্যে রাজধানীর সরকারি ও বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন পাঁচ হাজার ৩৫২ জন। আর ঢাকার বাইরে অন্য বিভাগে ভর্তি হয়েছে এক হাজার ৪৮৭ জন। অন্যদিকে একই সময়ের মধ্যে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন পাঁচ হাজার ২৯৪ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা চার হাজার ১৬০ জন এবং ঢাকার বাইরে এক হাজার ১৩৪ জন। আর এ সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশে মারা গেছেন ৪২ জন। ২০২২ সালে ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা গেছেন দেশের ইতিহাসের সর্বোচ্চ ২৮১ জন। বছরের শেষ মাস ডিসেম্বরে ডেঙ্গুতে ২৭ জনের মৃত্যু হয়। একইসঙ্গে আলোচ্য বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ৬২ হাজার ৩৮২ জন। ২০২০ সালে করোনাভাইরাস মহামারিকালে ডেঙ্গুর সংক্রমণ তেমন একটা দেখা না গেলেও ২০২১ সালে সারাদেশে ডেঙ্গুতে আক্রান্ত হন ২৮ হাজার ৪২৯ জন। একই বছর দেশব্যাপী ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ১০৫ জনের মৃত্যু হয়েছিল।

## সাতক্ষীরায় পানিতে ডুবে শিশুর

ক্লিনিকে নিয়ে গেলে সেখানে কর্তব্যরত চিকিৎসক ডা. মধুসুদন মন্ডল তাকে মৃত বলে ঘোষণা করেন। পাটকেলঘাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহ-ামুদ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

## কাভার্ডভ্যানের চাকায় পিষ্ট

ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সদর উপজেলার সিরাজসিংহা গ্রামের বিল্লাল হোসেন মোটরসাইকেলে ছেলেকে নিয়ে বিকেলে বের হন। তারা মুড়লি থেকে চাঁচড়ার দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে সন্যাসী দীঘিরপাড়ে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা কাভার্ডভ্যান (ঢাকা মেট্রো উ ১৪-১৫৬৯) মোটরসাইকেলটিকে ধাক্কা দিলে পড়ে যায়। এরপর কাভার্ডভ্যানের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই নিহত হয় ছেলে সাহাবি। গুরুতর আহত হয় পিতা বিল্লাল হোসেন। স্থানীয়রা আহত বিল্লাল হোসেনকে উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে সন্ধ্যায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

## রাশিয়ায় ঢুকে পড়েছে ভাগনার

কারও কারও প্রচণ্ড উচ্চাকাঙ্ক্ষার কারণে 'বিশ্বাসঘাতকতা'র মতো পরিস্থিতি তৈরি হয়ে যায়। যাঁরা রাশিয়ার সমাজে বিভক্তি তৈরি করবেন, তাঁদের অনিবার্যভাবে সাজার মুখোমুখি হতে হবে বলেও হুঁশিয়ারি দেন তিনি।

## পদোন্নতি পেলেন অধস্তন

সুপ্রিম কোর্টের সঙ্গে পরামর্শক্রমে সহকারী জজ বা সমপর্যায়ের এসব বিচারককে সিনিয়র সহকারী জজ পদে পদোন্নতি দেওয়া হয়। পদোন্নতিপ্রাপ্ত বিচারকরা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ -এর বেন্তন স্কেলের চতুর্থ গ্রেড অনুসারে বেতন পাবেন।

## ঘুষের টাকাসহ দুদক মহাপরিচালকের

করেছে। জানা যায়, দুদক কর্মকর্তাদের সই জাল করে গোপালগঞ্জের বাসিন্দা, ঢাকার উত্তরার ব্যবসায়ী আশিকুজ্জামানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধানের একটি চিঠি তৈরি করেন গৌতম ভট্টাচার্য। এরপর অভিযোগটি নথিভুক্ত করে দেওয়ার আশ্বাস দিয়ে তার কাছে ৫০ লাখ টাকা ঘুস দাবি করেন। বিষয়টি জানতে পেরে গোয়েন্দা তথ্য সংগ্রহ করতে থাকেন ডিবি কর্মকর্তারা। এক পর্যায়ে তারা জানতে পারেন শুক্রবার ঘুসের টাকা লেনদেন করা হবে। এ তথ্য শতভাগ নিশ্চিত হওয়ার পরই অভিযানের সিদ্ধান্ত নেন ডিবির লালবাগ বিভাগের উপকমিশনার মশিউর রহমান। মতিঝিলের হিরাঝিল হোটেলে ওই ব্যবসায়ীর কাছ থেকে ঘুসের টাকা আনতে যান গৌতম ও তার দুই সহযোগী। ওই দুজনও দুদক কর্মকর্তার পরিচয় দেন। যদিও তারা দুদকের কেউ নন। একটি মিষ্টির প্যাকেট ভর্তি টাকা লেনদেনের সময় হাতেনাতে তাদের আটক করা হয়। তবে কত টাকা জব্দ করা হয়েছে তা নিশ্চিত করা যায়নি। ভিন্ন একটি সূত্র জানিয়েছে, দুদকের নামে চাঁদাবাজির বেশ কিছু অভিযোগ আসে কমিশনের কাছে। ভুয়া চিঠি বানিয়ে দুদক কর্মকর্তা পরিচয়ে এই চাঁদাবাজ সিন্ডেকেট চিহ্নিত করে আইনি ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নেয় কমিশন। এরপর বিষয়টি পুলিশকে অবহিত করা হয়। এরই ধারাবাহিকতায় ঘুস লেনদেনের ফাঁদ পেতে অভিযান চালায় ডিবি।

দুদকের এক কর্মকর্তা বলেন, ঘুসের টাকাসহ আটক হওয়া ৪১৯ ধারার অপরাধ। এই অপরাধ দুদকের তফশিলভুক্ত নয়।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com



# পুতিন: ভাড়াটে ওয়াগনারের বিদ্রোহ, পিঠে ছুরি চালানোর শামিল

**আন্তর্জাতিক ডেস্ক :** অর্থের বিনিময়ে যোদ্ধা সরবরাহকারী প্রতিষ্ঠান ওয়াগনার গ্রুপের প্রধান ইয়েভজেনি প্রিগোশিন রাশিয়ার সামরিক নেতৃত্বকে উৎখাতের হুমকি দেওয়ার পর রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন প্রথমবারের মতো ভাষণ দিয়েছেন। গতকাল শনিবার জাতির উদ্দেশে দেওয়া ভাষণে পুতিন সব বাহিনীকে সংহতি বজায় রাখার আহ্বান জানিয়ে বলেন, "যা কিছু ঘটছে, তা 'বিশ্বাসঘাতকতন্ত্র। এটি 'দেশের জনগণের পিঠে ছুরি চালানোর শামিল্ত।" ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বলা হয়, টেলিভিশনে প্রচারিত সংক্ষিপ্ত ভাষণে একবারও প্রিগোশিনের নাম উচ্চারণ করেননি পুতিন। তিনি শুধু ওয়াগনার গ্রুপের নাম উল্লেখ করেছেন এবং রাশিয়ার জন্য লড়াই করায় বাহিনীর যোদ্ধাদের প্রশংসা করেছেন। একইসঙ্গে রাশিয়ার সুরক্ষা দেওয়ার অঙ্গীকার করেন পুতিন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রুশ প্রেসিডেন্ট বলেন, "সংকট মোকাবিলায় সব ধরনের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।"পুতিন বলেন, কারও কারও প্রচণ্ড উচ্চাকাঙ্ক্ষার কারণে 'বিশ্বাসঘাতকতন্ত্রর মতো পরিস্থিতি তৈরি হয়ে যায়। যারা রাশিয়ার সমাজে বিভক্তি তৈরি করবেন, তাদের অনিবার্যভাবে সাজার মুখোমুখি হতে হবে বলেও হুঁশিয়ারি দেন তিনি। ওয়াগনার এর প্রধান ইয়েভজিন প্রিগোজিন শুক্রবার এক অডিও বার্তায় রুশ বাহিনীর বিরুদ্ধে বিদ্রোহের ঘোষণায় বলেন, "তারা (রুশ বাহিনী) আমাদের বিভিন্ন সেনা শিবিরের ওপর ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। এসব হামলায় আমাদের অনেক সহযোদ্ধা সেনাসদস্যের মৃত্যুও হয়েছে।" ওয়াগনার প্রধান জানিয়েছেন, তার দলের যোদ্ধারা রাশিয়ার সীমান্ত এলাকায় ঢুকেছে এবং মস্কোর সামরিক বাহিনীর বিরুদ্ধে লড়াই করতে প্রস্তুত। হঠাৎ কেন এমন পরিস্থিতি, তা এখনও অস্পষ্ট। তবে, সম্প্রতি নানা কারণে পুতিনের প্রশাসনের সঙ্গে সম্পর্কের অবনতি হয়েছে তা বলায় যায়। নতুন করে উত্তেজনা নিয়ে গতকাল শনিবার মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের প্রতিবেদনে এসেছে, রাশিয়ার সশস্ত্র ভাড়াটে বাহিনীটির প্রতিষ্ঠাতা প্রিগোজিন পুতিনের সশস্ত্র বাহিনীর নেতৃত্বের বিরুদ্ধে গুরুতর অভিযোগ দাঁড় করিয়েছেন। তার দাবি, একটি ক্যাম্পে হামলা চালিয়ে তার অনেক যোদ্ধা হত্যা করেছে। এদিকে রাশিয়ার ফেডারেল সিকিউরিটি সার্ভিস (এফএসবি) সশস্ত্র বিদ্রোহের জন্য তার বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ এনেছে বলে রুশ সংবাদ সংস্থা তাস। ২০২২ সালের ২৬ ফেব্রুয়ারি ইউক্রেনে বিশেষ সামরিক অভিযান শুরু করে রুশ বাহিনী। এই অভিযান শুরুর কয়েক মাস পর রুশ বাহিনীর সঙ্গে যোগ দেয় রুশভিত্তিক বেসরকারি সামরিক কোম্পানি পিএমসি ওয়াগনার। ইউক্রেন ছাড়াও সিরিয়া, লিবিয়া, মালিসহ বিশ্বের বিভিন্ন দেশে অর্থের বিনিময়ে সরকারি বাহিনীর সহযোগী হিসেবে যুদ্ধ করছেন ওয়াগনারের সেনাসদস্যরা। রুশ কমান্ডের নেতৃত্বে রাশিয়ার সরকারি সেনাসদস্যদের সঙ্গে এতদিন বেশ ভালোভাবেই মিলেমিশে ইউক্রেনে যুদ্ধ করছিল পিএমসি ওয়াগনার। তবে গত কয়েক মাস ধরেই ভাসা ভাসা ভাবে ইউক্রেনের বিভিন্ন অঞ্চলে রুশ বাহিনীর সঙ্গে ওয়াগনার গ্রুপের যোদ্ধাদের দ্বন্দ্ব-সংঘাতের খবরও আসছিল।

# সস্তায় তেল কিনবে ভারত

**আন্তর্জাতিক ডেস্ক :** পশ্চিমা বিরোধিতা সত্ত্বেও সস্তায় আরও রুশ তেল কিনবে ভারত। এ ব্যাপারে রাশিয়ার রাষ্ট্রীয় জ্বালানি কোম্পানি রসনেফটের সঙ্গে আলোচনা করছে ভারতের পেট্রোলিয়াম করপোরেশন লিমিটেড (বিপিসিএল)। তেল ক্রয়ের বিষয়টি চূড়ান্ত হলে ভারতে রুশ তেলের আমদানি আরও বাড়বে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। এক প্রতিবেদনে বলা হয়, দুবাই বেঞ্চমার্ক বা দুবাই মানের ওপর ভিত্তি করে কম দামে রাশিয়া থেকে প্রায় ৬০ লাখ মেট্রিক টন বা ৪ কোটি ৩৮ লাখ ব্যারেল অপরিশোধিত তেল কিনতে আলোচনা করছে ভারতের একটি রাষ্ট্রমালিকানাধীন কোম্পানি। এতে ভারতকে ব্যারেলপ্রতি ৮ ডলার ছাড় দিতে পারে রাশিয়ার রাষ্ট্রীয় জ্বালানি কোম্পানি রসনেফট। এ পরিস্থিতিতে দুবাই বেঞ্চমার্কে ভারতের কাছে তেল বিক্রি করা গেলে তাতে রাশিয়া বেশ লাভবান হবে। প্রতিবেদনে আরও বলা হয়, সম্ভাব্য চুক্তির অধীনে রসনেফট প্রতি মাসে প্রায় ৭ লাখ থেকে ৭ লাখ ২০ হাজার ব্যারেলের সমপরিমাণ ৬ থেকে ৭ কার্গো অপরিশোধিত তেল সরবরাহ করবে ভারতের বিপিসিএলের কাছে। ২০২৪ সালের মার্চ পর্যন্ত এ চুক্তি কার্যকর থাকবে। সংশ্লিষ্ট সূত্র রয়টার্সকে জানায়, চুক্তিটির জন্য দুই দেশের আলোচনা অনেকখানি এগিয়েছে। বর্তমানে উভয় পক্ষ অর্থ প্রদানের শর্তসহ খুঁটিনাটি বিভিন্ন বিষয় নিয়ে কাজ করছে। তবে এ বিষয়ে মন্তব্যের জন্য রয়টার্সের অনুরোধের জবাব দেয়নি বিপিসিএল ও রসনেফট। রয়টার্সের প্রতিবেদনে আরও বলা হয়, জ্বালানি তেল বিক্রির ক্ষেত্রে ধীরে ধীরে ইউরোপভিত্তিক বেঞ্চমার্ক থেকে সরে যাচ্ছে রাশিয়া। কারণ, রাশিয়ার তেল বিক্রির বেশির ভাগ এখন এশিয়ার দিকে চলে গেছে। খবরে বলা হয়েছে, আলোচিত নতুন চুক্তির মাধ্যমে বিপিসিএল রাশিয়ার সোকোল, ভারান্দে, উরালসহ বিভিন্ন গ্রেডের তেল আমদানি করতে চাইছে। এর আগে গত এপ্রিলে ভারতের শীর্ষ তেল পরিশোধন কোম্পানি ইন্ডিয়ান অয়েল করপোরেশন (আইওসি) রসনেফটের সঙ্গে প্রতি মাসে ১৫ লাখ মেট্রিক টন জ্বালানি তেলের জন্য একটি চুক্তি করে। ওই চুক্তির অধীনে মধ্যপ্রাচ্যের বেঞ্চমার্কের তুলনায় ব্যারেলপ্রতি ৮ থেকে ১০ ডলার ছাড়ে তেল বিক্রি করতে সম্মত হয় রাশিয়া। প্রসঙ্গত, বর্তমানে ভারতের সবচেয়ে বড় অপরিশোধিত তেল সরবরাহকারী দেশ হলো রাশিয়া। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রেক্ষাপটে পশ্চিমা নিষেধাজ্ঞা ও সতর্কবার্তা সত্ত্বেও ভারত রাশিয়া থেকে তেল কেনা অব্যাহত রেখেছে। ইউক্রেনের সঙ্গে যুদ্ধের প্রেক্ষাপটে এই তেল মূল্য ছাড়ে অর্থাৎ কম দামে বিক্রি করছে রাশিয়া। মস্কোকে চাপে ফেলার অংশ হিসেবে গত বছরের ডিসেম্বরে রাশিয়ার অপরিশোধিত জ্বালানি তেলের দাম বেঁধে দেয় জি-৭ ও তার মিত্রদেশগুলো। প্রতি ব্যারেলের দাম সর্বোচ্চ ৬০ ডলার নির্ধারণ করে দেয়া হয়। উল্লেখ্য, বিশ্বের বিভিন্ন দেশে উত্তোলন করা অপরিশোধিত তেলের বিভিন্ন ধরন ও গ্রেড রয়েছে। এগুলোর মধ্যে পার্থক্য করে ক্রেতা-বিক্রেতার জন্য তেলের রেফারেন্স বা তুলনীয় দাম নির্ধারণের জন্য বেঞ্চমার্ক ব্যবহার করা হয়। বর্তমানে আন্তর্জাতিক প্রধান তিনটি বেঞ্চমার্ক হচ্ছে- যুক্তরাষ্ট্রভিত্তিক ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই), ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) জন্য উত্তর সাগরভিত্তিক ব্রেন্ট ক্রুড ও মধ্যপ্রাচ্যভিত্তিক দুবাই ক্রুড।





# আসামে বন্যায় ক্ষতিগ্রস্ত ৫ লাখ মানুষ

**আন্তর্জাতিক ডেস্ক :** ক্রমেই উদ্বেগ বাড়াচ্ছে ভারতের আসাম রাজ্যের বন্যা পরিস্থিতি। প্লাবিত ১৯টি জেলা। সব মিলিয়ে প্রায় পাঁচ লাখ মানুষ প্রভাবিত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ১০৭ বর্গ কিলোমিটার কৃষিজমি। এর মধ্যে আসাম স্টেট ডিজাস্টার ম্যানেজমেন্ট অথারিটি আরো এক ব্যক্তির মৃত্যুর খবর জানিয়েছে। এখনো পর্যন্ত বন্যায় মৃতের সংখ্যা দুই। টানা বৃষ্টিতে বিপর্যস্ত আসামের জনজীবন। ক্রমে এই 'ভয়াবহ বন্যা' পরিস্থিতি আরো জটিল হয়ে উঠেছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে কামরূপ, গোয়ালপারা, ধুবরি, বকসা, শোণিতপুর, বজালি জেলা। সেখানে প্রভাবিত আড়াই লাখের বেশি মানুষ। বজালি থেকে নলবাড়ি পর্যন্ত ৮০ হাজারের ওপর এবং বরপেটায় ৭০ হাজারের ওপর মানুষ বন্যার কবলে পড়েছে। সেন্ট্রাল ওয়াটার কমিশন জানিয়েছে, রাজ্যের বিভিন্ন জায়গায় ব্রহ্মপুত্রসহ ১০টি নদী বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এর মধ্যে বকসা জেলায় পুঁটিমারি নদীতে পানি বিপদসীমার অনেকটাই ওপর দিয়ে যাচ্ছে। জোরহাটে বিপদসীমার ওপরে রয়েছে ব্রহ্মপুত্র নদ। ১৪ জেলার মোট ১৪০টি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে ৩৫ হাজারের বেশি মানুষ। যার মধ্যে রয়েছে ৫৪৫ জন নারী।



# ইউক্রেনে ফের রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়া নতুন করে ইউক্রেনে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। গতকাল শনিবার এ হামলায় বহু হতাহত ও অবকাঠামোর ক্ষতি হয়েছে বলে জানিয়েছে ইউক্রেন কর্তৃপক্ষ। খবর এএফপির। দিনিপ্রো শহরের মেয়র বরিস ফিলাটোভ সামাজিক যোগাযোগ মাধ্যম টেলিগ্রাম বার্তায় বলেছেন, 'রাশিয়ার এই ক্ষেপণাস্ত্র হামলায় দিনিপ্রো নগরীর বেশ কয়েকটি ঘরবাড়ি সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। ক্ষেপণাস্ত্রের আঘাতে মাটিতে বিশাল গর্তের সৃষ্টি হয়েছে।' কিয়েভ সামরিক প্রশাসনের প্রধান সের্গেই পপকো বলেন, 'বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহার করে কিয়েভের আকাশসীমায় ২০টিরও বেশি ক্ষেপণাস্ত্র শনাক্ত করে তা ধ্বংস করা হয়েছে। ধ্বংসাবশেষ পড়ে একটি ২৪তলা ভবনে আগুন ধরে যায়। এতে অন্তত দুজন আহত হয়েছে।' এদিকে আঞ্চলিক গভর্নর ওলেগ সিনিগুবভ বলেন, 'ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম নগরী খারকিভে একটি গ্যাস পাইপলাইন বিধ্বস্ত হয়ে আগুন ধরে গেছে। তবে, এতে হতাহতের কোনো ঘটনা ঘটেনি।'এর আগে ইউক্রেনের বিমান বাহিনীও সুম এবং পোলতাভার উত্তরাঞ্চলের দিকে ক্ষেপণাস্ত্র ধেয়ে আসার কথা জানিয়েছিল।

# দক্ষিণ আফ্রিকায় বিস্ফোরণে ৩১ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** দক্ষিণ আফ্রিকার ফ্রি স্টেট প্রদেশের একটি পরিত্যক্ত খনির খাদে গ্যাস বিস্ফোরণে কমপক্ষে ৩১ জনের মৃত্যু হয়েছে। গত ১৮ মে ঘটনাটি ঘটলেও তা প্রকাশ্যে আসে গত শুক্রবার। এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। মৃতরা প্রতিবেশী দেশ লেসোথোর বাসিন্দা বলে মনে করা হচ্ছে। সে দেশেরই বাসিন্দারা দক্ষিণ আফ্রিকার কর্তৃপক্ষকে ঘটনাটি জানিয়েছে। খনিজসম্পদ ও জ্বালানি বিভাগ বলছে, "মৃত্যুর কারণ এখনও স্পষ্ট নয়। ১৯৯০-এর দশকে বন্ধ হওয়া এই খনির বায়ু চলাচলের রাস্তায় মিথেনের মাত্রা খুব বেশি ছিল, সেখান থেকেই দুর্ঘটনা ঘটে থাকতে পারে।" ফ্রি স্টেটের কর্তৃপক্ষকে মৃতদেহ উদ্ধারের জন্য কোনো অনুসন্ধান দলকে আপাতত খনিতে পাঠাতে নিষেধ করা হয়েছে। কারণ বায়ু চলাচলের পথে এখনও উচ্চমাত্রায় মিথেন গ্যাস রয়েছে। কর্তৃপক্ষ এক বিবৃতিতে বলেছে, "এটি ব্যতিক্রমী ও অদ্ভুত পরিস্থিতি। দ্রুতভাবে পরিস্থিতি মোকাবিলা করার জন্য বিকল্প বিষয় বিবেচনা করা হচ্ছে।" দেশটির সরকারি বিভাগ বলছে, "এ ঘটনায় মৃত ব্যক্তিরা অবৈধ খনি শ্রমিক হয়ে থাকতে পারে। এরইমধ্যে পুলিশ ঘটনাটি তদন্ত শুরু করেছে।"দক্ষিণ আফ্রিকার পুরোনো সোনার খনিগুলোতে এ ধরনের তৎপরতা দেখা যায়।

# ২ বছরের শিশুর গুলিতে অন্তঃসত্ত্বা মায়ের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রে দুই বছরের একটির শিশুর গুলিতে তার অন্তঃসত্ত্বা মায়ের মৃত্যু হয়েছে। স্থানীয় সময় গত মঙ্গলবার পুলিশ এ তথ্য নিশ্চিত করেছে। স্থানীয় সময় গত শুক্রবার ওহাইও অঙ্গরাজ্যে ওই দুর্ঘটনা ঘটে। সিএনএন-এর এক প্রতিবেদনে জানানো হয়েছে, ওই শিশুটি তার বাবার হ্যান্ডগান দিয়ে গুলি চালালে দুর্ঘটনাক্রমে সেটা তার মায়ের গায়ে লাগে। এই ঘটনায় ওই শিশুর মা (৩১) এবং তার অনাগত সন্তানের মৃত্যু হয়েছে। নরওয়াক পুলিশ ডিপার্টমেন্টের এক সংবাদ সম্মেলনে নিহত নারীর পরিচয় জানানো হয়েছে। ওই নারীর নাম লরা ইগ। তার পেছন দিকে গুলি লাগার পর তিনি নিজেই কোনো রকমে পুলিশকে ফোন করেন। সে সময় ওই নারী জানান যে, তিনি আট মাসের অন্তঃসত্ত্বা। তার স্বামীও ৯১১ নম্বরে ফোন করে সাহায্য চান। তিনি জানান যে, তার স্ত্রী তাকে ফোন করে চিৎকার করে কিছু বলছিলেন। তাদের সাহায্য প্রয়োজন। ফোন পেয়ে সঙ্গে সঙ্গেই সেখানে পৌঁছায় পুলিশ। তারা বন্ধ দরজা ভেঙে প্রবেশ করেন।

# হাসপাতালে অনশনরত গাদ্দাফির ছেলে

**আন্তর্জাতিক ডেস্ক :** লিবিয়ার সাবেক প্রেসিডেন্ট মুয়াম্মার গাদ্দাফির ছেলে হানিবাল গাদ্দাফি গত তিন সপ্তাহ ধরে অনশন করেছেন। এতে স্বাস্থ্যের অবনতি ঘটলে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অন্যায়ভাবে আটকের প্রতিবাদে তিনি এ অনশন করেন বলে জানিয়েছেন নাম প্রকাশ না করার শর্তে মামলার সাথে সম্পৃক্ত এক কর্মকর্তা। গত শুক্রবার মধ্যপ্রাচ্যভিত্তিক গণমাধ্যম আরব নিউজের এক প্রতিবেদনে এমন তথ্য জানানো হয়েছে। ওই কর্মকর্তার সূত্রে প্রতিবেদনে বলা হয়, গত ৩ জুন থেকে অনশন শুরু করেন হানিবাল গাদ্দাফি। এ সময় তিনি কেবল সামান্য পানি খেয়েই টিকে ছিলেন। অবশেষে গত বুধবার রক্তচাপ কমে যাওয়া ও মেরুদণ্ডে প্রদাহের কারণে বৈরুতের হোটেল-ডিউ ডি ফ্রান্স হাসপাতালে তাকে ভর্তি করা হয়। এ সময় তাকে সিরাম, অ্যান্টিবায়োটিক ও খাদ্য সম্পূরক দেয়া হয়। পরে স্বাস্থ্যে কিছুটা স্থিতিশীলতা ফিরে হলে ফের কারাগারে নেয়া হয়। কর্মকর্তা আরো জানান, একটি ছোট ঘরে বন্দী থাকার কারণে হানিবাল গাদ্দাফি পিঠের ব্যথায় ভুগছিলেন। সেখানে তিনি অবাধে চলাফেরা করতে পারেন না। পারেন না শরীরচর্চাও করতে। হানিবাল গাদ্দাফিকে ২০১৫ সালে লেবানন থেকে আটক করা হয়। সেখানে তিনি রাজনৈতিক শরণার্থী হিসেবে ছিলেন। মূলত ৪৫ বছর আগে লিবিয়া থেকে নিখোঁজ লেবানিজ শিয়া ধর্মগুরু মুসা আল-সদরের অবস্থান সম্পর্কে তথ্য নেয়ার জন্য তাকে আটক করা হয়। পরে লেবানন পুলিশ ঘোষণা দিয়েছিল যে তারা হ্যানিবলকে উত্তর-পূর্বের শহর বালবেক থেকে আটক করেছে। এরপর থেকে তাকে বিনা বিচারে বৈরুতের কারাগারে আটক রাখা হয়েছে। ধর্মগুরুর পরিবার বিশ্বাস করে, আল-সদর এখনো লিবিয়ার কোনো কারাগারে জীবিত থাকতে পারেন। অবশ্য বেশির ভাগ লেবাননের ধারণা, আল-সদর মারা গেছেন।



## বিনোদন

# জেবার শুটিংয়ে ডিরেক্টরস গিল্ডের বাধা

বিনোদন ডেস্ক

নির্মাতা রাশেদা আক্তার লাজুকের অভিযোগের পরিপ্রেক্ষিতে নবাগত অভিনেত্রী জেবা জান্নাতকে নিষিদ্ধ করে টেলিভিশন নাটক নির্মাতাদের সংগঠন ডিরেক্টরস গিল্ড। কিন্তু এ নিষেধাজ্ঞা অমান্য করে গতকাল বৃহস্পতিবার শুটিংয়ে যোগ দেন জেবা। খবর পেয়ে শুটিং স্পটে হাজির হন সংগঠনের নেতারা। বন্ধ করে দেন নাটকের শুটিং। জানা যায়, ধানমণ্ডির ঝিগাতলায় একটি নাটকের শুটিং করছিলেন জেবা জান্নাত। বৃহস্পতিবার (২২ জুন) দুপুর ১২টা থেকে নাটকটির শুটিং শুরু হয়। বিকেল ৩টার দিকে সেখানে হাজির হন ডিরেক্টরস গিল্ডের সাধারণ সম্পাদক কামরুজ্জামান সাগর, প্রচার সম্পাদক জহির খান, সাংগঠনিক সম্পাদকসহ আরও কয়েকজন নেতা। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন নাটকটির পরিচালক আজিজুল ইসলাম। নিষেধাজ্ঞা সত্ত্বেও কেন জেবাকে নিয়ে নাটকের শুটিং করলেন জানতে চাইলে পরিচালক আজিজুল ইসলাম বলেন, 'আমি জেবার শিডিউল নিয়েছিলাম অনেক আগে। প্রযোজক শর্ত দিয়েছেন এই শিডিউল অনুযায়ী শুটিং না করলে নাটকটির শুটিং বাতিল করতে হবে। এতে করে আমি ও আমার টিম ক্ষতির সম্মুখীন হব। সেজন্য অনুমতি চেয়ে ডিরেক্টরস গিল্ডের কাছে আবেদনও করেছিলাম কিন্তু তারা আমার পাশে দাঁড়াননি। দুপুর ১২টা পর্যন্ত আমি তাদের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করেছি। কিন্তু কোনো সুরাহা করেননি তারা। তাই দুপুর ১২টার পর থেকে শুটিং শুরু করি।'

এ নির্মাতা আরও জানান, ডিরেক্টরস গিল্ডের নেতাদের কথামতো শুটিং বন্ধ রাখেন তিনি। কিন্তু সাধারণ সম্পাদক তাকে জেবার দালাল বলায় ক্ষুব্ধ হয়ে পুনরায় শুটিংয়ের সিদ্ধান্ত নেন এবং সন্ধ্যার পর থেকে শুটিং শুরু করেন। এছাড়া জেবাকে নিয়ে কাজ করার শর্ত রাখেন নাটকটির প্রযোজক। তাই তাকে বাদ দিয়ে অন্য কাউকে নিয়ে শুটিং করা সম্ভব নয় বলেও জানান পরিচালক।

নিষেধাজ্ঞা সত্ত্বেও কেন শুটিং করছেন? এমন প্রশ্নের জবাবে জেবা জান্নাত বলেন, 'আমাকে অন্যায়ভাবে নিষিদ্ধ করা হয়েছে, আমি কেন তা মেনে নেব? তাদের মনে হলো আর নিষিদ্ধ করে দিলো এটা কী করে সম্ভব।'

জেবা অভিনয়শিল্পী সংঘকে বিষয়টি জানিয়েছিলেন। তারা শুটিং চালিয়ে যাওয়ার কথা বলেছেন জানিয়ে তিনি বলেন, 'আমি সংগঠনকে (অভিনয়শিল্পী সংঘ) জানিয়েছি। তারা আমাকে শুটিং চালিয়ে যেতে বলেছে। আমার শুটিং চলবে।' এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ জানতে ডিরেক্টরস গিল্ডের সভাপতি অনন্ত হীরা ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান সাগরকে বারবার ফোন দিলেও তারা ফোন ধরেননি।

প্রসঙ্গত, অসহযোগিতা ও অসদাচরণের অভিযোগে জেবা জান্নাতকে নিষিদ্ধ করে টেলিভিশন নাটক নির্মাতাদের সংগঠন ডিরেক্টরস গিল্ড। সংগঠনটির দেওয়া এক বিবৃতিতে জানানো হয়েছে এ তথ্য। নিষেধাজ্ঞার এ নির্দেশ কার্যকর হয় গত ২০ জুন থেকে।






# মুক্তি পেল 'মুজিব ভাই'

বিনোদন ডেস্ক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত অ্যানিমেশন চলচ্চিত্র 'মুজিব ভাই' মুক্তি পেয়েছে।

গতকাল শুক্রবার রাজধানীর সীমান্ত সম্ভারের স্টার সিনেপ্লেক্সের প্রিমিয়ার শো অনুষ্ঠিত হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রিমিয়ার শো-এর উদ্বোধন করেন।

ছিন্নমূল ও সুবিধাবঞ্চিত শিশু কিশোরদের বঙ্গবন্ধুকে নিয়ে এই সিনেমা দেখার সুযোগ তৈরি করে দেয়া হয়।

প্রিমিয়ার শো শেষে সাংবাদিকদের সাথে মত বিনিয়কালে প্রতিমন্ত্রী পলক বলেন, 'নতুন প্রজন্মের শিশু-কিশোরসহ সকলের কাছে কাছে বঙ্গবন্ধুর জীবনের গল্প পৌছে দেয়া আমাদের দায়িত্ব। তাদেরকে জানানোর জন্য অ্যানিমেশন চলচ্চিত্রের চেয়ে ভাল আর কোন মাধ্যম হতে পারে না। নির্মাতাগণ বঙ্গবন্ধুর ছেলেবেলা সম্পর্কে এ অ্যানিমেশন চলচ্চিত্রের মাধ্যমে সুনিপণভাবে তুলে ধরেছেন।'

প্রতিমন্ত্রী আরও বলেন, 'বাবা-মায়ের আদরের খোকা কিভাবে বাংলার মানুষের কাছে মুজিব ভাই হয়ে উঠলেন, তার জীবন সংগ্রাম এবং তার বিজয়ের সারমর্ম তুলে ধরার চেষ্টা করা হয়েছে চলচ্চিত্রটিতে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একজন ছাত্র হিসেবে কীভাবে মুজিব একজন নেতা হয়ে ওঠেন, জনমানুষের হৃদয়ে জায়গা করে নেন, রাজনৈতিকভাবে সফল হয়ে উঠলেন এবং বাংলাদেশের রূপকার হলেন।

# অসুস্থ হয়ে হাসপাতালে তমা মির্জা

বিনোদন ডেস্ক



শারীরিক অসুস্থতার জেরে হাসপাতালে ভর্তি করা হয়েছে জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী তমা মির্জাকে।

গতকাল শুক্রবার ভোরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি হন তিনি। বিষয়টি নিজেই নিশ্চিত করেছেন অভিনেত্রী।

জানা যায়, বেশ কয়েক দিন ধরে টানা শুটিং ও সিনেমার প্রচারণায় অংশ নিয়ে অসুস্থ হয়ে পড়েছেন তমা মির্জা।

ফেসবুক পোস্টে অসুস্থতার খবর জানিয়ে তমা মির্জা লেখেন, 'আগামী ৪-৫ দিন পরিপূর্ণ বিশ্রাম প্রয়োজন।' তবে এরচেয়ে বেশি কিছু জানাননি তিনি।

ঈদুল আজহায় মুক্তি পাবে 'সুড়ঙ্গ'। এই ছবির মাধ্যমে প্রথমবারের মতো বড় পর্দায় পা রাখতে চলেছেন ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা আফরান নিশো। ছবিতে তিনি তমার নায়ক চরিত্রে অভিনয় করবেন।

চরকি ও আলফা আইয়ের যৌথ প্রযোজনায় ছবিটি পরিচালনা করেছেন রায়হান রাফী। যৌথভাবে চিত্রনাট্য লিখেছেন নাজিম উদ্ দৌলা ও রায়হান রাফী।

# আমি তোমার ওই সব প্রাক্তন প্রেমিকার মতো নই : পরীমণি

বিনোদন ডেস্ক

ঢাকাই সিনেমার তারকা দম্পতি পরীমণি ও শরিফুল রাজের সংসার আর নেই বললেই চলে। অফিসিয়ালি ঘোষণা না এলেও দুজন যে আলাদা থাকছেন সেটাও গণমাধ্যমে বলেছেন। সন্তান রাজ্যর কারণে এক হলেও বেড়েছে মানসিক ও শারীরিক দূরত্ব।

মাঝখানে দুজনেই মিডিয়ার সামনে কথা বলেছেন। কেউই চান না দাম্পত্যজীবন আর আগে বাড়ুক। বলা বাহুল্য, বিচ্ছেদের কাগুজে ঘোষণাই শুধু বাকি। এরপর থেকেই সামাজিকমাধ্যমে পরীর নিশানায় রাজ।

নাম না করে গত রোববার (১৮ জুন) বিশ্ব বাবা দিবসে তার ছেলের (রাজ্য) বাবাকে কথা শুনিয়েছেন। এবার আরেকবার তোপ দাগালেন রাজকে। আবারও সেই পুরোনো ভঙ্গিমায় বেনামি ইঙ্গিতপূর্ণ পোস্ট।

আজ শুক্রবার বেলা সাড়ে এগারোটার দিকে নিজের ফেসবুক অ্যাকাউন্টে পরীমণি লেখেন, 'এভাবেই বছর পেরোবে, কাল পেরোবে...যেভাবে এখন মাস পেরিয়ে যায়! কিছু তবু ফিরে পাওয়া যায় না। এই যেমন আমি। হারিয়ে ফেললে তো হারিয়েই ফেললে।

আমি তোমার ওই সব প্রাক্তন প্রেমিকার মতো নই যে চাইলেই আবার গায়ে ঘেঁষা যায়।'

নেটাগরিকদের ধারণা, ছুটির দিনে রাজকে নিজের জীবন থেকে ছুটি দেওয়ার ঘোষণাই দিলেন পরীমণি। এদিন তসলিমা নাসরিনের লেখা 'এক অপ্রেমিকের জন্য' কবিতার মূল ভাবের সঙ্গে মিলিয়ে যেন নিজের গল্প বললেন এ অভিনেত্রী।

প্রসঙ্গত, চলতি বছরের শুরুর দিন থেকেই রাজ-পরীর সংসারে টানাপোড়েন চলছে। মাঝে লোকদেখানো ভালো থাকার অভিনয় করলেও দাম্পত্যজীবনে মোটেও সুখী ছিলেন না এই জুটি, এমনটাই জানান পরীমণি। গত (২৯ মে) রাজের ফেসবুক অ্যাকাউন্ট থেকে তিন অভিনেত্রীর ব্যক্তিগত ছবি ও ভিডিও ফাঁসের ঘটনায় আবারও সামনে আসে শরিফুল রাজ ও পরীমণির দ্বন্দ্ব।



# ঈদে এক ডজন নাটকে আলভী

বিনোদন ডেস্ক

আসছে কোরবানির ঈদ উপলক্ষে নির্মিত এক ডজন নাটকে দেখা যাবে এ সময়ের অভিনেতা যাহের আলভীকে। বর্তমানে নাটকগুলোর শুটিংয়ে ব্যস্ত সময় পার করছেন তিনি।

এর মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য নাটকগুলো হচ্ছে, 'কফি বয়', 'বুকটা জুড়ে বাবা', 'বউ মানে ঝাল', 'কোরিয়ান বয়ফ্রেন্ড', 'ভাই চাপে আছে', 'বেয়াইন আমার ক্রাশ' ও 'পিরিতের পেত্নি ভালো'।

নাটকগুলোতে অভিনয় প্রসঙ্গে যাহের আলভী বলেন, 'অভিনয় আমার ভালোলাগা, ভালোবাসা। গত কয়েকবছরের অনান্য ঈদে এর চেয়েও বেশি নাটক প্রচার হতো।

তবে এখন গল্পের দিকে নজর দেওয়ায় কাজ কম করছি।



যেসব নাটকে কাজ করছি গল্পগুলো অসাধারণ। প্রত্যেকটি নাটকে আমাকে ভিন্ন ধরনের চরিত্রে দেখা যাবে।

প্রতিটি কাজই দর্শকের কাছে ভালো লাগবে বলে আমার বিশ্বাস।'

যাহের আলভী আরও বলেন, 'এর আগেও আমার যে কাজগুলো প্রচারিত হয়েছে সেগুলোতে খুব ভালো প্রশংসা পেয়েছি।

আমি গঠনমূলক সমালোচনা পছন্দ করি। কারণ, যারা আমার কাজের ভালো-খারাপ দিকগুলো বলে তারাই প্রকৃত দর্শক। আমি চাই আমার কাজের সমালোচনাও হোক। তাহলে পরবর্তী কাজে ভুলগুলো শুধরে নিতে পারব।'

ইউটিউব নাটকে যে কজন আলোচনায় থাকছেন, তাদের মধ্যে আলভী একজন।